

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর।
(স্থানীয় সরকার শাখা)
www.pirojpur.gov.bd

পিরোজপুর জেলার মে, ২০১৯ মাসের মাসিক উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব আবু আলী মোঃ সাজ্জাদ হোসেন জেলা প্রশাসক, পিরোজপুর
স্থান	:	শহীদ আব্দুর রাজ্জাক-সাইফ মিজান স্মৃতি সভাকক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর
তারিখ	:	১৯ মে ২০১৯
সময়	:	সকাল ১০.০০ ঘটিকা
সভায় উপস্থিত সদস্যবৃন্দ	:	পরিশিষ্ট "ক"
সভায় উপস্থিত প্রতিনিধিবৃন্দ	:	পরিশিষ্ট "খ"
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ (অনুমতি ব্যতীত)	:	পরিশিষ্ট "গ"

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর গত ২১-০৪-২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), পিরোজপুর কর্তৃক সভায় পাঠ করে শুনানো হলে আংশিক সংশোধন করে দৃষ্টীকরণ করা হয়। সভাপতির অনুমতিক্রমে পিরোজপুর জেলার বিভিন্ন দপ্তরের কার্যক্রম সম্পর্কে উপস্থিত সভায় আলোচনা করেন এবং আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

১। জেলা পরিষদ, পিরোজপুর :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
<p>জনাব রেবেকা খান, প্রধান নির্বাহী কর্মকর্তা (ভা.প্রা.), জেলা পরিষদ, পিরোজপুর জানান, এপ্রিল/১৯ পর্যন্ত জেলা পরিষদ কর্তৃক ২০১৬-২০১৭ অর্থ বছরে নিজস্ব তহবিলের আওতায় ২৩টি প্রকল্পে ৬৯,০০,০০০/-টাকা বরাদ্দ, অগ্রগতি ৯৯%। ২০১৬-১৭ অর্থ বছরে এডিপি তহবিলের আওতায় এডিপি সাধারণ ২৮৭টি প্রকল্পে ৫,৬৫,০০,০০০/- টাকা বরাদ্দ, কাজের অগ্রগতি ৯৫%। আরএডিপি সাধারণ ৪৯টি প্রকল্পে বরাদ্দ ১,৫০,০০,০০০/-টাকা, অগ্রগতি ৯৭%। এডিপি সাশ্রয় তহবিলে ১০টি প্রকল্পে ১০,০০,০০০/- বরাদ্দ, অগ্রগতি ৮৫%।</p> <p>২০১৭-১৮ অর্থ বছরে এডিপি তহবিলের আওতায় ৩২৯টি প্রকল্পে ৫,৫০,০০,০০০/-টাকা বরাদ্দ, অগ্রগতি ৯০%, এডিপি (কবরস্থান ও শ্মশান নির্মাণ উপখাত) ০৯টি প্রকল্পে বরাদ্দ ২৪,৬০,০০০/-টাকা যার অগ্রগতি-৮০%, এডিপি (সংরক্ষিত) ১০টি প্রকল্পে বরাদ্দ ১,০০,০০,০০০/-টাকা যার বাস্তবায়ন প্রক্রিয়াধীন এবং আরএডিপি সংরক্ষিত ০৮টি প্রকল্পে বরাদ্দ ৯২,৫০,০০০/- টাকা যার অগ্রগতি-৪০%। ২০১৭-১৮ নিজস্ব তহবিলের আওতায় ৩৭টি প্রকল্পে ৭৫,০০,০০০/- টাকা বরাদ্দ, অগ্রগতি ৮৫%।</p> <p>২০১৮-২০১৯ অর্থ বছরে এডিপি তহবিলে অধীনে এডিপি সাধারণ ৫২৭টি প্রকল্পের বিপরীতে বরাদ্দ ৮,৪৫,০০,০০০/-টাকা, অগ্রগতি ৩০%, এডিপি (কবরস্থান ও শ্মশান নির্মাণ উপখাত) ৩১টি প্রকল্প বিপরীতে ৩৫,৭০,০০০/-টাকা বরাদ্দ, অগ্রগতি ৪০%, এডিপি সাশ্রয়কৃত ১৪টি প্রকল্পের বিপরীতে ২১,০০,০০০/-টাকা বরাদ্দ, অগ্রগতি ৪৫% এবং নিজস্ব তহবিলের অধীন ২০টি প্রকল্প বিপরীতে ৬৫,০০,০০০/-টাকা, অগ্রগতি ১৫%।</p> <p>তিনি আরো জানান গত সভার কার্যবিবরণীর জেলা পরিষদের পুকুর পাড়ের গাছকাটার/টেভারের পরিবর্তে গাছ নিলামে বিক্রয় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সংশোধনী দেয়ার জন্য অনুরোধ জানান। সভাপতি, জেলা পরিষদ কর্তৃক গৃহীত প্রকল্প কাজ গুণগত মান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।</p>	<p>জেলা পরিষদ কর্তৃক গৃহীত প্রকল্পগুলোর কাজ নির্ধারিত সময়ের মধ্যে গুণগত মান বজায় রেখে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং গত সভার কার্যবিবরণীতে উল্লেখিত জেলা পরিষদের পুকুর পাড়ের গাছ কাটা/টেভারের পরিবর্তে গাছ নিলামে বিক্রয় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সংশোধনীর সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পিরোজপুর।</p>

২। পিরোজপুর পৌরসভা :

<p>জনাব মিনারা বেগম, প্যানেল মেয়র, পিরোজপুর পৌরসভা জানান, রাজস্ব/বিশেষ বরাদ্দ/উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় ৫৫টি প্রকল্পের কাজ চলমান আছে। উক্ত প্রকল্পের বিপরীতে ১৯,৫৬,১০,৬১২/-টাকা বরাদ্দ পাওয়া গেছে। এপ্রিল/১৯ পর্যন্ত কোনটির ৯৫%, ৯০%, ৮০%, ৬০,৫০%, ২৫% কাজ হয়েছে এবং উক্ত কাজ দ্রুত সম্পন্ন করার কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তিনি জানান গত সভায় আলোচনাকৃত বাজারের নতুন ভবন করার প্রকল্প গ্রহণের এবং জেলা শহরের আগুন লাগলে ফায়ার সার্ভিস রিজার্ভ পুকুর</p>	<p>পিরোজপুর পৌরসভার গৃহীত উন্নয়নমূলক প্রকল্পসমূহের কাজ বিধি মোতাবেক যথাসময়ের মধ্যে দ্রুত বাস্তবায়নের জন্য অগ্রগতি বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত</p>	<p>মেয়র, পিরোজপুর পৌরসভা।</p>
--	--	--------------------------------

হতে পানি ব্যবহার করার জন্য একটি ঘাটলা নির্মাণ করার কার্যক্রম চলমান আছে। জনাব জহিরুল হক টিটু, সভাপতি প্রেসক্লাব, পিরোজপুর বলেন, পিরোজপুর-পাড়েহাট ভাড়া নি খাল দীর্ঘ দিন যাবত ময়লা-আবর্জনা স্তুপ ও নোংরা অবস্থায় আছে এবং শুনা যায় এই খাল কাটার কার্যক্রম চলমান কিন্তু এখন পর্যন্ত খাল কাটার কোন কার্যক্রম পরিলক্ষিত হয়নি। প্যানেল মেয়র, মিনারা বেগম জানান, খালকাটার কার্যক্রম শুরু হবে। মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, জনাব শ. ম. রেজাউল করিম জানান, উক্ত খাল কাটা প্রকল্প নেয়ার বিষয়ে মেয়র, পিরোজপুর পৌরসভার সাথে আলাপকালে মেয়র জানান এ বিষয়ে পিরোজপুর পৌরসভা থেকে প্রকল্প গ্রহণ করা হয়েছে। পিরোজপুর-পাড়েহাট ভাড়া নি খালের সমস্যা বিষয়ে সম্মিলিতভাবে নাগরিকদের সমন্বয়ে আলোচনা করে বাস্তব পদক্ষেপ গ্রহণের জন্য তিনি সকলের প্রতি অনুরোধ জানান। সভাপতি পিরোজপুর পৌরসভার গৃহীত প্রকল্প কাজের অগ্রগতি বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।	হয়।	
--	------	--

৩। মঠবাড়িয়া পৌরসভা, মঠবাড়িয়া :

মেয়র, মঠবাড়িয়া পৌরসভা সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।	মেয়র, মঠবাড়িয়া পৌরসভা, পিরোজপুর।
---	--	--

৪। স্বরূপকাঠী পৌরসভা, নেছারাবাদ :

মেয়র, স্বরূপকাঠী পৌরসভা সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।	মেয়র, স্বরূপকাঠী পৌরসভা, পিরোজপুর।
---	--	--

৫। ভাঙ্গরিয়া পৌরসভা, ভাঙ্গরিয়া :

উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, ভাঙ্গরিয়া পৌরসভা জানান, ভাঙ্গরিয়া পৌরসভায় গৃহীত প্রকল্পের কাজ যথাযথভাবে দ্রুত শেষ করার লক্ষ্যে চলমান আছে। সভাপতি ভাঙ্গরিয়া পৌরসভার গৃহীত প্রকল্পের কাজ দ্রুত সম্পন্ন করার জন্য অনুরোধ জানান।	ভাঙ্গরিয়া পৌরসভার গৃহীত প্রকল্পকাজ দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসক, ভাঙ্গরিয়া পৌরসভা।
--	--	-----------------------------------

৬। স্বাস্থ্য বিভাগ, পিরোজপুর :

<p>জনাব ডাঃ মোঃ ফারুক আলম, সিভিল সার্জন, পিরোজপুর জানান যে, জেলা হাসপাতাল, পিরোজপুর এ এপ্রিল/১৯ মাসে বহিঃবিভাগে চিকিৎসাপ্রাপ্ত রোগীর সংখ্যা ১০৭৫১ জন, আন্তঃবিভাগে ভর্তিকৃত রোগীর সংখ্যা ২৪০৩ জন। জরুরী বিভাগে চিকিৎসাপ্রাপ্ত রোগীর সংখ্যা ৫১০৩ জন। ৪২০ জনকে রেবিস প্রতিষেধক টিকা প্রদানসহ ১৪ টি মৃত দেহের ময়না তদন্ত এবং ০৩ জনের ধর্ষণজনিত পরীক্ষা সম্পন্ন করা হয়েছে। জেলায় মোট চালুকৃত কমিউনিটি ক্লিনিকের সংখ্যা ১৬৩ টি। ১৬৩টি কমিউনিটি ক্লিনিক হতে ৭৯,২৬৩ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে, ১৯০৬ জন রোগীকে উন্নত চিকিৎসার জন্য অন্য হাসপাতালে রেফার করা হয়েছে।</p> <p>ইপিআই কার্যক্রমঃ জানুয়ারি/১৯ হতে মার্চ/১৯ পর্যন্ত অর্জিত অগ্রগতির হার সম্পর্কে তিনি জানান যে, (১) বিসিজি ২৪%, (২) পেন্টাঃ (ক) ১ম ডোজ ২৪% (খ) ২য় ডোজ ২৪% (গ) ৩য় ডোজ ২৩%, (৩) ওপিভিঃ (ক) ১ম ডোজ ২৪% (খ) ২য় ডোজ ২৪% (গ) ৩য় ডোজ ২৩%, (৪) হাম এম. আর ২২%, (৫) হাম এম আর ২য় ডোজ ২৩%। (৬) টি.টি মহিলাদের ১৭২৩৪ ডোজ।</p> <p>Scanuতে সেবাপ্রাপ্ত শিশু রোগি-৫১জন, Normal delivery-৪৪ জন, Cesarean Section -১০ জন, Via test-৯৩জন, জরায়ু মুখ ক্যান্সার স্ক্রিনিং পরীক্ষা (ভায়া) মোট ৯৩জন, পজেটিভ ০৩জন, নেগেটিভ-৯০জন। ব্রেস্ট ক্যান্সার স্ক্রিনিং মোট ৯৩জন, পজেটিভ ০১জন, নেগেটিভ-৯২ জন। KMC কর্নারের সেবাপ্রাপ্ত শিশু রোগী- ০৩জন, IMCI কর্নারের সেবাপ্রাপ্ত শিশু রোগী- ১৬৮১ জন। কমিউনিটি ক্লিনিক পরিদর্শন অব্যাহত আছে।</p> <p>তিনি জানান, ১৬ এপ্রিল থেকে ২০ এপ্রিল পর্যন্ত বিভিন্ন কর্মসূচির মাধ্যমে স্বাস্থ্য সেবা সপ্তাহ পালন করা হয়েছে। এছাড়া তিনি আরো জানান, গত সভায় আলোচিত মেয়াদোত্তীর্ণ ও ভেজাল ঔষধ বিক্রির বিষয়ে ড্রাগ বিভাগ থেকে কার্যক্রম গ্রহণ করা হয়। কমিউনিটি ক্লিনিকগুলোতে প্রতিষ্ঠানিক ডেলিভারী বিষয়ে প্রশিক্ষণ দেয়ার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। ডাক্তারের</p>	<p>১। পিরোজপুর সদর হাসপাতালের কার্যক্রম বিধিমোতাবেক সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>২। কমিউনিটি ক্লিনিকের কার্যক্রম তদারকিসহ নির্ধারিত সময়ে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>৩। হাসপাতালের ডাক্তারদের এ্যাপ্রোন ব্যবহার গ্রহণের জন্য, হাসপাতালের বিষয়ে আলোচনাকৃত অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক ব্যবস্থা গ্রহণ করার জন্য, স্বাস্থ্য সেবা সম্পর্কিত কমিটির সভা আহ্বান করার জন্য এবং সদর, নেছারাবাদ ও নাজিরপুর হাসপাতালে প্রয়োজনীয় আধুনিক মেশিনের চাহিদা পত্র প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>১। সিভিল সার্জন, পিরোজপুর।</p> <p>২। সকল উপজেলা নির্বাহী অফিসার।</p> <p>৩। সহকারী প্রকৌশলী স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পিরোজপুর।</p>
---	---	---

<p>সাথে ঔষধ কোম্পানির রিপ্রেজেন্টেটিভগণ সপ্তাহে একদিন ভিজিট করবেন। জনাব মাহমুদ হোসেন, জেলা প্রতিনিধি, বাংলাদেশ বেতার, পিরোজপুর জানান, ডাক্তার ও নার্সরা তাদের নির্ধারিত পোষাক ব্যবহার না করার কারণে হাসপাতালে গেলে কে ডাক্তার কে কর্মচারী তা চেনা যায়না। এত সাধারণ মানুষদের সেবা গ্রহণ করতে অসুবিধা হয়। ডাক্তারদের নির্দিষ্ট পোষাক ব্যবহার করার জন্য অনুরোধ জানান। জনাব জহিরুল হক টিটু, সভাপতি প্রেসক্লাব, পিরোজপুর জানান, বিনামূল্যে সরবরাহকৃত স্যালাইন/ঔষধ টাকা দিয়ে ক্রয় করতে হয়। ডাক্তাররা অফিস সময়ে বিভিন্ন ক্লিনিকে গিয়ে রোগি দেখেন এবং অফিসের ৪র্থ শ্রেণীর কর্মচারী ব্যক্তিগত কাজে ব্যবহার করা হয় মর্মে অভিযোগ পাওয়া যায়। জনাব গৌতম নারায়ন চৌধুরী, জেলা প্রতিনিধি বাসস, পিরোজপুর জানান, পিরোজপুর জেলা হাসপাতালে জরুরী বিভাগে সময়মত ডাক্তার পাওয়া যায়না। জনাব জিয়াউল আহসান গাজী, সাধারণ সম্পাদক, জেলা শিল্পকলা একাডেমি, পিরোজপুর সিভিল সার্জন, পিরোজপুর এর দৃষ্টি আকর্ষণ করে বলেন, একজন রিক্সাওয়ালার স্ত্রীর সিজার এর জন্য পিরোজপুর জেলা হাসপাতালে গেলে তাকে সেবা না দিয়ে বেরকারি ক্লিনিকে যাওয়ার জন্য ডাক্তার বলেছেন। এ বিষয়ে দেখার জন্য তিনি অনুরোধ জানান। মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, জনাব শ. ম. রেজাউল করিম, হাসপাতালের ডাক্তারদের এ্যপ্রোন ব্যবহার, হাসপাতালের কোন কর্মচারীকে ব্যক্তিগত কাজে ব্যবহার না করা এবং বিভিন্ন অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক ব্যবস্থা গ্রহণ করার জন্য এবং স্বাস্থ্যসেবা সম্পর্কিত কমিটির সভা আহ্বান করার ব্যবস্থা গ্রহণের তিনি অনুরোধ জানান। এছাড়া তিনি পিরোজপুর জেলা সদর, নেছারাবাদ ও নাজিরপুর হাসপাতালে যে সব আধুনিক মেশিন প্রয়োজন সে বিষয়ে চাহিদাপত্র প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান। সিভিল সার্জন, পিরোজপুর জানান, ডাক্তারগণ ও নার্স যাতে তাদের নির্ধারিত পোষাক ব্যবহার করেন, হাসপাতালের বিষয়ে অন্যান্য অভিযোগের বিষয়ে এবং জরুরী বিভাগে নিয়মিত ডাক্তার থাকার বিষয়ে মাননীয় মন্ত্রী মহোদয়ের নির্দেশনার আলোকে প্রয়োজনীয় নির্দেশনা/ ব্যবস্থা গ্রহণ করা হবে।</p>		
--	--	--

৭। গণপূর্ত বিভাগ, পিরোজপুর :

<p>জনাব বিশ্বনাথ বনিক, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, পিরোজপুর বলেন যে, এপ্রিল/১৯ পর্যন্ত গণপূর্ত বিভাগের আওতায় ১৯টি প্রকল্পের কাজ চলমান এবং ২টি কাজের আস্থানকৃত দরপত্রের মূল্যায়ন চলমান আছে।</p> <p>(১) চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত ভবন নির্মাণ কাজ : মূল ভবনের দরপত্র অনুমোদন প্রক্রিয়াধীন এবং সীমানা প্রাচীর ৩৮% ও মাটি ভরাটের কাজ ৩০% (মূল ভবনের ৩য়বার দরপত্র আহ্বান)।</p> <p>(২) মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ (১ম পর্যায়) ০১ টি, কাজের অগ্রগতি ৯৭% (ফিনিশিং কাজ চলমান আছে)।</p> <p>(৩) Construction of 2nd, 3rd & 4th Floor Civil, Sanitary & Electrification of Town Police Fari type-2 with 6 storied foundation One at Pirojpur, অগ্রগতি ৫০ (ফিনিশিং কাজ চলমান)।</p> <p>(৪) Construction of Women Police Barrack (2-Storeied Bulding with 6-Storeied Foundation) at District Police lines, Pirojpur, অগ্রগতি ৯০% (ফিনিশিং কাজ চলমান)।</p> <p>(৫) ইন্দুরকানী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন নির্মাণ কাজ ৮৭.৫০%, (ফিনিশিং কাজ চলমান)।</p> <p>(০৬) Construction of Pirojpur District NSI Office Building নির্মাণ, অগ্রগতি ৯২% (ফিনিশিং কাজ চলমান)।</p> <p>(০৭) Construction of Working Lady Hostel Cum-Training Center at Mathbaria এর অগ্রগতি ৮৫%(ফিনিশিং কাজ চলমান)।</p> <p>(০৮) ০৯টি ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের অগ্রগতি ৯৭%, ফিনিশিং কাজ চলমান আছে (দ্রুত কাজ শেষ করার জন্য জরুরী অর্থ বরাদ্দ প্রয়োজন)।</p> <p>(০৯) জেলা ও ব্যাটালিয়ন সদরের আনসার ও ভিডিপি এর ব্যারাকসমূহের ভৌত সুবিধা সম্প্রসারণ শীর্ষক প্রকল্প, অগ্রগতি-৩০% (নীচ তলার কলম ঢালাই কাজ চলমান)।</p> <p>(১০) ভাণ্ডারিয়া থানার ৬-তলা ভিত বিশিষ্ট ২-তলা থানা ভবন (সিভিল, স্যানিটারী) নির্মাণ প্রকল্প, অগ্রগতি-২০%, (ফুটিং কাস্টিং চলমান)।</p> <p>(১১) পিরোজপুর সদর হাসপাতাল নির্মাণ কাজ, অগ্রগতি ১০% (সার্ভিস</p>	<p>গণপূর্ত বিভাগ কর্তৃক গৃহীত উন্নয়নমূলক প্রকল্পসমূহের কাজ তদারকিসহ গুণগত মান বজায় নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, পিরোজপুর।</p>
--	--	--

পাইল কাস্টিং চলমান) ।

(১২) ইন্দুরকানী সাব-রেজিস্ট্রার অফিস নির্মাণ কাজ, অগ্রগতি ২০% (সার্ভিস পাইল ড্রাইভের কাজ চলমান) ।

(১৩) মঠবাড়িয়া সাব-রেজিস্ট্রি অফিস নির্মাণ কাজ, অগ্রগতি ১০%, (সার্ভিস পাইল কাস্টিং এর প্রস্তুতি চলমান) ।

(১৪) Establishing 560 Mosque and Islamic Cultural Center in Zila and Upazila of Bangladesh. Sub Head: Construction of 04-Storeyed Zila Masjid Complex with 04-Storeyed Foundation at Plain Land for Islamic Foundation (Type-A) one at Zila Sadar in Pirojpur কার্যাদেশ প্রদান করা হয়েছে ।

(১৫) Construction of 03-storied Upazila Masjid Complex at Bhandaria Upazila in Pirojpur কার্যাদেশ প্রদান করা হয়েছে। টেস্ট পাইল কাস্টিং সম্পন্ন, সার্ভিস পাইল কাস্টিং এর প্রস্তুতি চলমান ।

১৬) Sub Hed: Construction of 03-Storeyed Upazila Masjid Complex with 03-Storeyed Foundation plain Land for Islamic Foundation (type-B) one at Nazirpur Upazila in Pirojpur District with Civil, Internal Sanitary and Internal Electrification works দরপত্র আহ্বান করা হয়েছে ।

(১৭) Sub Hed: Construction of 03-Storeyed Upazila Masjid Complex with 03-Storeyed Foundation plain Land for Islamic Foundation (type-B) one at Mathbaria Upazila in Pirojpur District with Civil, Internal Sanitary and Internal Electrification works দরপত্র আহ্বান করা হয়েছে ।

(১৮) Sub Hed: Construction of 03-Storeyed Upazila Masjid Complex with 03-Storeyed Foundation plain Land for Islamic Foundation (type-B) one at Kawkhali in Pirojpur District with Civil, Internal Sanitary and Internal Electrification works দরপত্র আহ্বান করা হয়েছে ।

(১৯) Sub Hed: Construction of 03-Storeyed Upazila Masjid Complex with 03-Storeyed Foundation plain Land for for Islamic Foundation (type-B) one at Sadar Upazila in Pirojpur District with Civil, Internal Sanitary and Internal Electrification works দরপত্র আহ্বান করা হয়েছে ।

(২০) Sub Hed: Construction of 03-Storeyed Upazila Masjid Complex with 03-Storeyed Foundation plain Land for for Islamic Foundation (type-B) one at Indurkani Upazila in Pirojpur District with Civil, Internal Sanitary and Internal Electrification works দরপত্র আহ্বান করা হয়েছে ।

(২১) Sub Hed: Construction of 03-Storeyed Upazila Masjid Complex with 03-Storeyed Foundation plain Land for for Islamic Foundation (type-B) one at Nesarabad Upazila in Pirojpur District with Civil, Internal Sanitary and Internal Electrification works দরপত্র আহ্বান করা হয়েছে ।

সভাপতি গণপূর্ত বিভাগের গৃহীত প্রকল্প কাজের মান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য অনুরোধ জানান ।

৮। সড়ক ও জনপথ বিভাগ, পিরোজপুর :

<p>জনাব মাসুদ মাহমুদ সুমন, নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ, পিরোজপুর জানান, ২০১৮-২০১৯ অর্থ বছরে সড়ক বিভাগে এপ্রিল/১৯ মাস পর্যন্ত</p> <p>(১) বরিশাল-ঝালকাঠী-ভাণ্ডারিয়া-পিরোজপুর সড়কের ৪৬ তম কিঃ মিঃ এ ১৯৯.৪০৮ মিঃ পিসি গার্ডার সেতু (পোনা সেতু) নির্মাণ প্রকল্পে ক্রমপুঞ্জিত অগ্রগতি ৭৫%।</p> <p>(২) গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (বরিশাল জোন) পিরোজপুর অংশ (আর৮৭০) প্রকল্পের ক্রমপুঞ্জিত অগ্রগতি ৬৫%।</p> <p>(৩) পিরোজপুর (চরখালী)-তুশখালী-মঠবাড়িয়া-পাথরঘাটা সড়ক (জেড-৮৭০১) উন্নয়ন ও প্রশস্তকরণ প্রকল্প কাজের ক্রমপুঞ্জিত অগ্রগতি ৭০%।</p> <p>(৪) জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (বরিশাল জোন-পিরোজপুর অংশ) (০১-০১-২০১৮ হতে ৩০-০৬-২০২০) অগ্রগতি ০.২০%।</p> <p>(৫) চরখালী-তুশখালী-মঠবাড়িয়া-পাথরঘাটা মহাসড়ক (জেড ৮৭০১) ১ম কিঃ মিটার ৬৩.৭৯৮ মিটার হেতালিয়া) ও ৭ম কিঃ মিটার ৭৫.৯৭৮ মিটার (মাদারসি) সেতু নির্মাণ প্রকল্প (০১-০৭-১৮ হতে ৩১-১২-২০১৯) অগ্রগতি ০.০%।</p> <p>(৬) চরখালী-তুশখালী-মঠবাড়িয়া-পাথরঘাটা মহাসড়ক (৩-৮৭০১) চেঃ ২১+১৫০ (গুদিঘাটা সেতু) কিঃ মিটার এ ৩০.০০ মিটার সেতু নির্মাণ কাজ। ক্রমপুঞ্জিত অগ্রগতি ৯০%।</p> <p>(৭) (ক) টগড়া-ইন্দুরকানী-বালিপাড়া-কলারগ-সন্নাসী সড়কের (জেড-৭৭১১) বিভিন্ন কিঃ মিঃ (খ) বরগুনা (দক্ষিণ বামনা খেয়াঘাট)-ডৌয়াতলা-মঠবাড়িয়া-বড়মাছুয়া সড়কের (জেড-৮৮১৪) বিভিন্ন কিঃ মিঃ (মজবুতিকরণ এবং ডিবিএস ওয়ারিং (ওভারলে) কাজ (পিরোজপুর অংশ) এর ক্রমপুঞ্জিত অগ্রগতি ১০০%।</p> <p>(৮) ১৮-১৯ বছরের আমুয়া-মিরুখালী-সাফা সড়কে (চেই: ৮+৬৫৭) কিঃমিঃ হতে (চেই:১৩+১৫৭) কিঃমিঃ পর্যন্ত এগ্রিগেট বেইস টাই-১ দ্বারা মেরামতসহ ডিবিএস ওয়ারিং কোর্স (ওভারলে) কাজ (পিরোজপুর অংশ) ক্রমপুঞ্জিত অগ্রগতি ৪৫%।</p> <p>নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ, পিরোজপুর জানান, পিরোজপুর শহরের সিও অফিসের মোড় সংলগ্ন ব্রীজে যানবাহন চলাচলের ক্ষেত্রে কোন দুর্ঘটনা/প্রতিবন্ধকতা যাতে সৃষ্টি না হয় সেজন্য একটি ওভার পাস নির্মাণের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য পরামর্শ নিয়োগের নীতিগত সিদ্ধান্ত হয়েছে। খুব শীঘ্রই প্রশাসনিক অনুমোদন গ্রহণ সাপেক্ষে সম্ভাব্যতা যাচাইয়ের কাজ শুরু হবে। মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, অতি দ্রুত সম্ভাব্যতা যাচাইয়ের কাজ শুরু করার জন্য এবং পিরোজপুর জেলার সড়ক বিভাগের আওতায় উন্নয়নের জন্য প্রয়োজনীয় প্রকল্প এর ডিপিপি প্রস্তুত করে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ, পিরোজপুর এর প্রতি অনুরোধ জানান।</p> <p>সভায় নির্বাহী প্রকৌশলী জানান, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের নির্বাচনী এলাকার ২টি জেলা মহাসড়কের উন্নয়নকল্পে ডিপিপি প্রস্তুত করে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়েছে। এছাড়া তিনি আরো জানান, জেলা সড়ক উন্নয়ন প্রকল্পের আওতায় নাজিরপুর-শ্রীরামকাঠী সড়ক উন্নয়নের সিএস পাশ হয়েছে ও NOA ইস্যু করা হয়েছে এবং আশা করা যায় খুব শীঘ্রই চুক্তি সম্পাদনের পর কাজ শুরু যাবে। মাননীয় মন্ত্রী মহোদয় উক্ত সড়কের কাজ শীঘ্রই শুরু করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়া নাজিরপুর-দীর্ঘা সড়কের সাতকাছিমায় অব্যবহৃত স্টীল ব্রীজটির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সংশ্লিষ্ট বিভাগের প্রতি অনুরোধ জানান।</p> <p>সভাপতি সড়ক বিভাগের গৃহীত প্রকল্পসমূহের কাজের তদারকি / গুণগতমান নিশ্চিতসহ দ্রুত কাজ শেষ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।</p>	<p>সড়ক বিভাগ, পিরোজপুর এর আওতায় গৃহীত প্রকল্পসমূহের কাজের তদারকি / গুণগতমান নিশ্চিতসহ দ্রুত কাজ শেষ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>২। সিও অফিসের মোড়ে ওভার পাস নির্মাণের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাইয়ের কাজ দ্রুত শুরু করার, নাজিরপুর-শ্রীরামকাঠী জেলা সড়ক উন্নয়ন প্রকল্পের কাজ দ্রুত শুরু করার এবং সড়ক বিভাগের আওতায় উন্নয়নের জন্য যে সমস্ত প্রকল্প গ্রহণ করা প্রয়োজন সেগুলোর ডিপিপি প্রস্তুত করে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের এবং নাজিরপুর-দীর্ঘা সড়কের সাতকাছিমায় অব্যবহৃত স্টীল ব্রীজটির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, পিরোজপুর</p>
---	--	---

৯। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), পিরোজপুর :

<p>জনাব সুশান্ত রঞ্জন রায়, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, পিরোজপুর বলেন, এলজিইডির আওতায় গৃহীত মোট ৮৯৩টি প্রকল্পের মধ্যে ৫৫০টি প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে, অসমাপ্ত রয়েছে ৩৪৩টি প্রকল্প কাজ। এপ্রিল/১৯ পর্যন্ত কাজের ভৌত গড় অগ্রগতি ৬৮%। উক্ত প্রকল্পের মধ্যে জলবায়ু পরিবর্তন ট্রাস্টফান্ডের আওতায় কাউখালী উপজেলায় ১টি শিক্ষা প্রতিষ্ঠান কাম-সাইক্লোন</p>	<p>জলবায়ু সহিষ্ণু অবকাঠামো উন্নয়ন প্রকল্প, মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণসহ এলজিইডির আওতায় গৃহীত অন্যান্য প্রকল্পের গুণগতমান</p>	<p>নির্বাহী প্রকৌশলী, এলজিইডি এবং উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট সকল)</p>
--	---	--

<p>সেন্টার নির্মাণ শীর্ষক প্রকল্পের কাজ চলমান, যার গড় অগ্রগতি ভৌত) ৬০%। ভাণ্ডারিয়া, কাউখালী ও ইন্দুরকানী উপজেলাধীন জলবায়ু পরিবর্তনের প্রভাবে দুর্যোগ সহনীয় গৃহ নির্মাণ প্রকল্প আওতায় ৫০টি প্রকল্পের কাজ চলমান আছে, যার গড় অগ্রগতি ৭৮%। জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফাণ্ডের আওতায় ভাণ্ডারিয়া, কাউখালী ও ইন্দুরকানী উপজেলায় জলবায়ু সহিষ্ণু অবকাঠামো উন্নয়ন প্রকল্প (৩য় পর্যায়) আওতায় ৩টি প্রকল্পের কাজ চলমান, গড় অগ্রগতি ভৌত ৭৫%। জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফাণ্ডের আওতায় ভাণ্ডারিয়া, কাউখালী ও ইন্দুরকানী উপজেলায় জলবায়ু সহিষ্ণু অবকাঠামো উন্নয়ন প্রকল্প আওতায় ৫টি প্রকল্পের কাজ চলমান, গড় অগ্রগতি ভৌত ৭৩%। জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফাণ্ডের আওতায় ভাণ্ডারিয়া, কাউখালী ও ইন্দুরকানী উপজেলায় জলবায়ু সহিষ্ণু অবকাঠামো উন্নয়ন প্রকল্প আওতায় ৮টি প্রকল্পের কাজ চলমান, গড় অগ্রগতি ভৌত ৬০%।</p> <p>জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফাণ্ডের আওতায় ভাণ্ডারিয়া, কাউখালী ও ইন্দুরকানী উপজেলায় জলবায়ু সহিষ্ণু অবকাঠামো উন্নয়ন প্রকল্প আওতায় ৩টি প্রকল্পের কাজ চলমান, গড় অগ্রগতি ভৌত ৪৩%। জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফাণ্ডের আওতায় অনুমোদিত কাউখালী উপজেলায় জলবায়ু সহিষ্ণু অবকাঠামো উন্নয়ন প্রকল্প আওতায় ১টি প্রকল্পের অগ্রগতি ৩৫%। উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ প্রকল্পের আওতায় গৃহীত ০৭টি স্কিমের মধ্যে ০৫টি স্কিমের কাজ সমাপ্ত করা হয়েছে এবং ০২টি স্কিমের কাজ অসমাপ্ত রয়েছে, কাজের অগ্রগতি ৯৫%।</p> <p>আরো জানান, মঠবাড়িয়ার মুক্তিযুদ্ধের স্মৃতি স্তম্ভ নির্মাণের জায়গা সমস্যার সমাধান হয়েছে। নেছারাবাদের জায়গার সমস্যার সমাধানের বিষয় কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তিনি জানান,</p> <p>(১) পিরোজপুর জেলার নেছারাবাদ উপজেলা হতে নাজিরপুর উপজেলা হয়ে গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া উপজেলা পর্যন্ত সড়ক অবকাঠামো উন্নয়ন প্রকল্প ও বেলুয়া নদী এবং সক্ষ্যা নদীর উপর ব্রীজ নির্মাণ (৮৫০.০০ কোটি টাকা)।</p> <p>(২) নাজিরপুর, পিরোজপুর সদর ও নেছারাবাদ উপজেলায় গুরুত্বপূর্ণ অথচ জরাজীর্ণ ৯৫টি সড়ক উন্নয়ন ও একই সড়কসমূহে ১১৯টি ছোট বড় ব্রীজ/কালভার্ট নির্মাণ (ডিও লেটারের মাধ্যমে তালিকা প্রেরণ)।</p> <p>(৩) নাজিরপুর, পিরোজপুর সদর ও নেছারাবাদ উপজেলায় ৩টি নতুন ইউনিয়ন পরিষদ নির্মাণ ও ১১টি ইউনিয়ন পরিষদ মেরামতকরণ প্রকল্প (ডিও লেটার সংযুক্ত)।</p> <p>(৪) নাজিরপুর, পিরোজপুর সদর ও নেছারাবাদ উপজেলা সদর দপ্তরের প্রয়োজনীয় প্রশাসনিক ভবন ও আবাসিক ভবন সমূহের উন্নয়ন/নির্মাণ কাজ (ডিও লেটার সংযুক্ত)।</p> <p>(৫) নাজিরপুর, পিরোজপুর সদর ও নেছারাবাদ উপজেলায় চারটি ৪তলা বিশিষ্ট মার্কেট কাম শেল্টারসহ মোট ১৫টি ছোট বড় বাজার উন্নয়ন।</p> <p>(৬) ১০৫২.০০ কোটি টাকার পিরোজপুর জেলা পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প শীর্ষক নতুন প্রকল্প গ্রহণ (ডিও লেটার সংযুক্ত)।</p> <p>(৭) নাজিরপুর উপজেলার মাটিভাঙ্গা ইউনিয়ন ভিত্তিক সকল গ্রামকে শহরে উন্নীতকরণ সমন্বিত প্রকল্প গ্রহণ</p> <p>(৮) নাজিরপুর উপজেলা শহরে মুক্তিযোদ্ধা স্মৃতিস্তম্ভ ও মুক্তিযোদ্ধা মুরাল নির্মাণ।</p> <p>(৯) নাজিরপুর উপজেলার প্রধান সড়কের দুই পার্শ্বে বাস-বে ও উপজেলা শহর ভিত্তিক সড়ক ও ড্রেন নির্মাণ কাজ বাস্তবায়ন।</p> <p>(১০) নাজিরপুর উপজেলায় ওয়াকওয়ে ও ইকোপার্ক স্থাপন/নির্মাণ।</p> <p>(১১) দীর্ঘা ব্রীজের উভয় পাড়ে ও এ্যাপ্রোচ অংশের সৌন্দর্য বর্ধন।</p> <p>(১২) কালিগঙ্গা নদীর উপর ৬০০ মিটার ব্রীজ নির্মাণ।</p> <p>(১৩) পিরোজপুর জেলায় ৫০টি সাইক্লোন সেন্টার নির্মাণ।</p> <p>(১৪) নাজিরপুর, পিরোজপুর সদর ও নেছারাবাদ উপজেলার অস্বচ্ছল মুক্তিযোদ্ধাদের আবাসন প্রকল্প গ্রহণ।</p> <p>(১৫) নাজিরপুর ও নেছারাবাদ উপজেলায় শিল্পকলা একাডেমি। ও উনুজ মঞ্চ নির্মাণ এবং পিরোজপুর শিল্পকলা একাডেমি আধুনিকরণ প্রকল্প</p> <p>(১৬) নাজিরপুর উপজেলার কৃষক সেবা কেন্দ্র নির্মাণ।</p> <p>(১৭) নাজিরপুর উপজেলায় কৃষক প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ।</p> <p>(১৮) নাজিরপুর উপজেলার সেচ নালা নির্মাণ।</p> <p>(১৯) নাজিরপুর উপজেলায় খাল খনন বেড়িবাধ নির্মাণ।</p> <p>(২০) নাজিরপুর, পিরোজপুর সদর ও নেছারাবাদ উপজেলায় উপকূলীয় জলবায়ু সহিষ্ণু অবকাঠামো উন্নয়ন প্রকল্প। এই ২১টি উন্নয়ন প্রকল্পগুলোর বিষয়ে মাননীয় মন্ত্রী মহোদয় এর প্রচেষ্টা অব্যাহত আছে মর্মে তিনি সভায়</p>	<p>নিশ্চিতসহ নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার এবং পিরোজপুর জেলা অডিটরিয়াম আধুনিকিকরণে তিন কোটি টাকা বরাদ্দের জন্য এবং প্রস্তাবিত অন্যান্য প্রকল্পসমূহের অনুমোদনের বিষয়ে জোরালো প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য সভার পক্ষ থেকে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়-কে ধন্যবাদ জ্ঞাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>২। পিরোজপুর রায়েরকাঠী সড়কের পার্শ্বে সতীদাহ প্রথার একটি জায়গা আছে, সেই জায়গাটি সংরক্ষণ করা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>
---	---

<p>অবহিত করেন। তিনি আরো জানান, পিরোজপুর জেলা অডিটরিয়ারের আধুনিকীকরণের জন্য তিন কোটি টাকা বরাদ্দ হয়েছে। পিরোজপুর জেলা অডিটরিয়ারের আধুনিকীকরণে তিন কোটি টাকা বরাদ্দের জন্য এবং প্রস্তাবিত অন্যান্য প্রকল্পসমূহের অনুমোদনে জোরালো প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য সভার পক্ষ থেকে মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, মহোদয়-কে ধন্যবাদ জ্ঞাপনের জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করেন।</p> <p>উপজেলা নির্বাহী অফিসার, নেছারাবাদ স্বরূপকাঠীতে একটি চর আছে উল্লেখ করে সেখানে শিশু পার্ক ও মুক্তিযোদ্ধা পার্ক করলে ভালো হয় মর্মে সভায় অবহিত করেন। জনাব জহিরুল হক টিটু, সভাপতি প্রেসক্লাব, পিরোজপুর জানান, নেছারাবাদে মডেল মসজিদ নির্মাণে জগন্নাথকাঠী আমির হাজীর বাড়ির মসজিদ এর প্রস্তাব ছিল সেটিকে বাতিল করা হয়েছে। সভাপতি উক্ত বিষয়ে তদন্ত করে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার নেছারাবাদকে অনুরোধ জানান। জনাব গৌতম নারায়ন চৌধুরী, জেলা প্রতিনিধি, বাসস, পিরোজপুর মুক্তিযুদ্ধে শহীদদের স্মরণে নির্মিত স্মৃতিস্তম্ভের সাথে শহীদদের নামের তালিকা টানানোর জন্য অনুরোধ জানান।</p> <p>নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, পিরোজপুর জানান, জনাব গৌতম নারায়ন চৌধুরীর প্রস্তাব গ্রহণ করা হয়েছে, নির্মিত স্মৃতিস্তম্ভের পার্শ্বে মুক্তিযুদ্ধে শহীদদের নাম লেখা হবে। মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় জানান, পিরোজপুর রায়েরকাঠী সড়কের পার্শ্বে সতীদাহ প্রথার একটি জায়গা আছে, সেই জায়গাটি সংরক্ষণ করা প্রয়োজন।</p> <p>সভাপতি এলজিইডি, পিরোজপুর কর্তৃক গৃহীত প্রকল্প কাজ মানসম্মতভাবে যথাসময়ের মধ্যে সম্পন্ন করার জন্য তিনি অনুরোধ জানান।</p> <p>সভাপতি সভার সকল সদস্যবৃন্দের পক্ষ হতে পিরোজপুরের বিভিন্ন উন্নয়ন কার্যক্রম গতিশীল করার আন্তরিক ও জোরালো অবদানের জন্য মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন।</p>		
---	--	--

১০। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পিরোজপুর :

<p>জনাব সাঈদ আহম্মদ, নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পিরোজপুর জানান, পানি উন্নয়ন বোর্ডের আওতায় ২০১৮-১৯ অর্থ বছরে মোট ০৫ টি প্রকল্প চলমান আছে।</p> <p>(১) বিষখালী প্রকল্প পোল্ডার-৫ এর বেড়ীবাঁধ ও অবকাঠামো নির্মাণের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলা প্রকল্প (পিরোজপুর অংশের কাজ) (প্রকল্প আইডি ৬৩) এর ক্রমপূর্ণিত অগ্রগতি ৯০% (ভৌত)।</p> <p>(২) জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় কঁচা নদীর ভাঙ্গন হতে ভান্ডারিয়া উপজেলাধীন নদমুলা-শিয়ালকাঠী ইউনিয়নের চরখালী এলাকা সংরক্ষণ প্রকল্প (প্রকল্প আইডি ২০৩) কাজের ক্রমপূর্ণিত অগ্রগতি ৯৭% (ভৌত)।</p> <p>(৩) জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় কঁচা নদীর ভাঙ্গন হতে ভান্ডারিয়া উপজেলাধীন নদমুলা-শিয়ালকাঠী ইউনিয়নের চরখালী এলাকা সংরক্ষণ প্রকল্প (দ্বিতীয় পর্যায়) (প্রকল্প আইডি ২৪০) এর ক্রমপূর্ণিত অগ্রগতি ৬৪% (ভৌত)।</p> <p>(৪) জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় সদর উপজেলাধীন উমেদপুর নদীর ভাঙ্গন হতে আলহাজ্ব এ.কে.এম.এ আউয়াল ওয়েলফেয়ার ফাউন্ডেশন এবং তৎসংলগ্ন এলাকা রক্ষা প্রকল্প (প্রকল্প আইডি ২৪৪) এর ক্রমপূর্ণিত অগ্রগতি ৭৩% (ভৌত)।</p> <p>(৫) জলবায়ু পরিবর্তন এর প্রভাব মোকাবেলায় কঁচা নদীর ভাঙ্গন হতে ভান্ডারিয়া উপজেলাধীন তেলিখালী ইউনিয়নের হরিণপালা হামিদ চৌকিদারের বাড়ি পোনা নদীর মোহনা হতে হরিণপালা রিভারভিউ ইকোপার্ক হয়ে আবাসন সংলগ্ন পদ্মার খালের মোহনা পর্যন্ত সংরক্ষণ বাঁধ নির্মাণ প্রকল্প (প্রকল্প আইডি ২৪৩) এর ক্রমপূর্ণিত অগ্রগতি ৭৩%(ভৌত)। এছাড়া ইন্দুরকানি হতে হুলারহাট বাঁধ নির্মাণ প্রকল্প ২২.৪৭৫ কি:মি:, অগ্রগতি ৬৫% এবং খাল খনন কর্মসূচী ৭,২০০ কি:মি: কাজ অগ্রগতি ৪৫%। ৬৪ জেলায় ছোট নদীখাল এবং জলাশয় পুন:খনন প্রকল্প(১ম পর্যায়) খাল পুন:খনন কর্মসূচি আওতায় পাঁচপাড়া-নাজিরপুর ভাড়া নি খাল পুন:খনন কাজ শুরু হয়েছে, অগ্রগতি ১০%।</p> <p>উপজেলা নির্বাহী অফিসার, নেছারাবাদ, পিরোজপুর জানান শান্তিরহাট সরকারি প্রাথমিক বিদ্যালয় নদী গর্ভে যাওয়ার উপক্রম হয়েছে, সেখানে বাঁধ দেয়া প্রয়োজন। জলাবাড়ি ২টি খাল খনন হচ্ছে। এই খাল খননের বিষয়ে পানি উন্নয়ন বোর্ডের দেখা প্রয়োজন মর্মে সভায় অবহিত করেন।</p> <p>চেয়ারম্যান, নেছারাবাদ উপজেলা পরিষদ, বালিহারি স্কুলে পিছনের ব্রীজটি</p>	<p>পানি উন্নয়ন বোর্ডের গৃহীত প্রকল্পসমূহ এর কাজের গুণগত মান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের এবং বাঁধ সংস্কার/মেরামত করার তালিকা প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>নির্বাহী প্রকৌশলী, বাপাউবো, পিরোজপুর।</p>
--	---	--

<p>বসে/নীচু হয়ে গেছে মর্মে উল্লেখ করে এই ব্রীজটি মেরামত/সংস্কার করার ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ করেন।</p> <p>মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, পিরোজপুর জেলায় বাঁধ সংস্কার/মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পানি উন্নয়ন বোর্ড, পিরোজপুর এর প্রতি অনুরোধ জানান।</p> <p>সভাপতি কাজের মান যথাযথভাবে বজায় রেখে যথাসময়ের মধ্যে পানি উন্নয়ন বোর্ড, পিরোজপুর এর গৃহীত প্রকল্প কাজ সমাপ্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।</p>		
---	--	--

১১। শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, পিরোজপুর :

<p>জনাব প্রতিভা সরকার, নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, পিরোজপুর জানান, এপ্রিল/১৯ পর্যন্ত শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, পিরোজপুর এর আওতায় ১০টি প্রকল্পের বিপরীতে ১৬০টি শিক্ষা প্রতিষ্ঠানে কাজ চলমান আছে। উক্ত কাজের দরপত্র মূল্য ১৪৬১৮.৬১ লক্ষ টাকা এবং কাজের গড় অগ্রগতি ৫০%। উক্ত প্রকল্প কাজের মান যথাযথভাবে বজায় রেখে দ্রুত বাস্তবায়নের প্রচেষ্টা অব্যাহত আছে।</p> <p>উপজেলা নির্বাহী অফিসার, মঠবাড়িয়া বলেন, মঠবাড়িয়ার নলী চড়কগাছিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় জরাজীর্ণ যে কোন সময় ভেঙ্গে যেতে পারে। এই বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, পিরোজপুর জানান, জরাজীর্ণ বিদ্যালয়ের সংস্কার/নির্মাণ করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।</p> <p>মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় অতি বুকির্পূর্ণ যে সকল ভবন আছে সে ভবনে ক্লাস নেয়া ঠিক হবেনা মর্মে সভায় অভিমত ব্যক্ত করেন। সভাপতি শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, পিরোজপুর কর্তৃক গৃহীত প্রকল্প কাজের গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।</p>	<p>শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, পিরোজপুর কর্তৃক গৃহীত প্রকল্প কাজ যথাযথ মান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার, শিক্ষা প্রতিষ্ঠানের সংস্কার/নির্মাণ কাজ যথাযথভাবে তদারকী করার এবং অতি বুকির্পূর্ণ ও জরাজীর্ণ প্রাথমিক বিদ্যালয় নির্মাণ/সংস্কার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, পিরোজপুর।</p>
---	--	--

১২। স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পিরোজপুর :

<p>জনাব মোঃ নাজমুল হক, সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পিরোজপুর জানান,</p> <p>(১) ভাণ্ডারিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ৫০ শয্যা থেকে ১০০ শয্যায় উন্নীত করণ কাজ, অগ্রগতি-২৭%।</p> <p>(২) ইন্দুরকানী উপজেলায় স্বাস্থ্য কমপ্লেক্সের ৩১ শয্যা হতে ৫০ শয্যায় উন্নীতকরণ কাজ, অগ্রগতি ৩৫%।</p> <p>(৩) মঠবাড়িয়ার টিয়ারখালী ২০ শয্যা বিশিষ্ট হাসপাতাল নির্মাণ কাজ চলমান, যার অগ্রগতি ৩৪%।</p> <p>(৪) মঠবাড়িয়া উপজেলাধীন আমড়াগাছিয়া ১০ শয্যা মা ও শিশু কল্যাণ কেন্দ্র নির্মাণ কাজ, অগ্রগতি ৮০%।</p> <p>(৫) ইন্দুরকানী উপজেলা পরিকল্পনা অফিস কাম-স্টোর নির্মাণ, অগ্রগতি ১০০%।</p> <p>(৬) নাজিরপুর উপজেলা পরিবার পরিকল্পনা অফিস-কাম-স্টোর নির্মাণ কাজ, অগ্রগতি-৯১%।</p> <p>(৭) নেছারাবাদ উপজেলা পরিবার পরিকল্পনা অফিস কাম-স্টোর নির্মাণ, অগ্রগতি ৯৫%।</p> <p>(৮) কাউখালী উপজেলা পরিবার পরিকল্পনা অফিস কাম-স্টোর নির্মাণ, অগ্রগতি ১০০%।</p> <p>(৯) সদর উপজেলা পরিবার পরিকল্পনা অফিস-কাম-স্টোর নির্মাণ কাজ, অগ্রগতি ৯২%।</p> <p>(১০) আমড়াজুড়ি ইউপি রোংগাকাঠী কমিউনিটি ক্লিনিক মেরামত ও সংস্কার কাজ, অগ্রগতি ১০০%।</p> <p>(১১) সোহাগদল ইউপি বর্ষাকাঠী কমিউনিটি ক্লিনিক মেরামত ও সংস্কার কাজ, অগ্রগতি ১০০%।</p> <p>(১২) ভাণ্ডারিয়া উপজেলাধীন নদমুলা চিংগুরিয়া কমিউনিটি ক্লিনিক পুনর্নির্মাণ কাজ, অগ্রগতি ১০০%।</p> <p>(১৩) ভাণ্ডারিয়ার জুনিয়া নয়রহাট কমিউনিটি ক্লিনিক পুনর্নির্মাণ কাজ, অগ্রগতি ৭০%।</p> <p>(১৪) মঠবাড়িয়া উপজেলাধীন মাঝেরপুল কমিউনিটি ক্লিনিক পুনর্নির্মাণ কাজ, অগ্রগতি ৬৫%। (</p> <p>১৫) মঠবাড়িয়ার সাপলেজার খেতাচিড়া কমিউনিটি ক্লিনিক পুনর্নির্মাণ কাজ, অগ্রগতি ৬৫%।</p> <p>মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, নাজিরপুর ও নেছারাবাদ উপজেলা হাসপাতালের ভবন নির্মাণ/সংস্কার করার বিষয়ে দ্রুত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের</p>	<p>স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পিরোজপুর কর্তৃক গৃহীত কার্যক্রম বিধি মোতাবেক যথাসময়ের মধ্যে বাস্তবায়নের এবং নাজিরপুর ও নেছারাবাদ উপজেলা হাসপাতালের ভবন নির্মাণ/সংস্কার করার বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পিরোজপুর।</p>
--	---	---

জন্য অনুরোধ জানান। সভাপতি স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক গৃহীত প্রকল্পের কাজের মান বজায় রেখে যথাসময়ের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।		
---	--	--

১৩। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পিরোজপুর :

জনাব মো. হুমায়ুন কবীর, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পিরোজপুর বলেন, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পিরোজপুর এর আওতায় গৃহীত প্রকল্প কাজ যথাযথভাবে চলমান আছে। এছাড়া তিনি আরো জানান, পুকুর খনন প্রকল্পের আওতায় জেলা পরিষদ, পিরোজপুর কর্তৃক পুকুর পাড়ের গাছ নিলামের উদ্যোগ গ্রহণের জন্য তিনি ধন্যবাদ জানান। সভাপতি, পিরোজপুর জেলায় লবনমুক্ত ও নিরাপদ খাবার পানি সরবরাহের বিষয়ে দ্রুত প্রকল্প গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পিরোজপুর এর প্রতি অনুরোধ জানান।	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পিরোজপুর এর আওতায় প্রকল্পসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। ২। পিরোজপুর জেলায় লবনমুক্ত ও নিরাপদ খাবার পানি সরবরাহের বিষয়ে দ্রুত প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পিরোজপুর।
--	--	--

১৪। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পিরোজপুর :

জনাব আবু হেনা মোহাম্মদ জাফর, উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পিরোজপুর জানান, রবি মৌসুমের বোরোর ফসল কর্তন ইতোমধ্যে ৯০ ভাগ সম্পন্ন হয়েছে। গড়ে এ পর্যন্ত হাইব্রীডের ফলন পাওয়া গেছে ৪.৫০ মে.টন/হে. (চাল), উফশী-৩.৮৫ মে.টন/হে.(চাল) এবং আবাদ সম্পন্ন হয়েছে। খরিপ-১ মৌসুমে আউশ বীজতলার লক্ষ্যমাত্রা ধরা হয়েছে হাইব্রীড-৮ হে., অগ্রগতি-৫ হে., উফশী-৯১৮ হে., অগ্রগতি-১,০২৪ হে., স্থানীয়-২৫৭ হে., অগ্রগতি-৭৩ হে। আউশ আবাদের লক্ষ্যমাত্রা হাইব্রীড-১৪৯ হে. অগ্রগতি-৭ হে.. উফশী-১৩.৭৬৯ হে.. অগ্রগতি-১,৪০০ হে., স্থানীয়-৩,০৮২ হে., অগ্রগতি ৫০০ হে.। ৭টি বিভিন্ন উন্নয়ন প্রকল্পের আওতায় রবি/২০১৮-১৯ মৌসুমে প্রদর্শনী স্থাপনের লক্ষ্যমাত্রা- ৮৬২টি, এ পর্যন্ত বাস্তবায়িত ৮৬২, কৃষক প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা-৬,১৫০জন এবং অর্জিত-৬,১৫০জন। খরিপ-১ মৌসুমে উফশী আউশ আবাদ বৃদ্ধির লক্ষ্যে সরকার ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের প্রণোদনা প্রদানের কর্মসূচি গ্রহণ করেছে। প্রণোদনা কর্মসূচির আওতায় পিরোজপুর জেলায় ৫,৫০০ জন কৃষক-কে উপকরণ বিতরণ কার্যক্রম সৃষ্ঠভাবে সম্পন্ন হয়েছে। কর্মসূচিতে একজন কৃষক ১ বিঘা জমির জন্য ৫ কেজি উফশী জাতের ব্রিজি, ১৫ কেজি ডিএপি এবং ১০ কেজি এমওপি সার সহায়তা হিসেবে পেয়েছেন। বর্তমান মাসে ইউরিয়া বরাদ্দ ৮০১ মে. টন, মজুদ ৬৭০ মে. টন, টিএসপি বরাদ্দ ২৭৮ মে. টন, মজুদ ২৪৪ মে. টন, এমওপি বরাদ্দ ১৫৮ মে. টন, মজুদ ১৭৩ মে. টন, ডিএপি বরাদ্দ ১৩৮ মে. টন, মজুদ ১৩৭ মে. টন, বাজার দর প্রতি কেজি ইউরিয়া ১৬/-, টিএসপি ২২/-, এমওপি ১৫/- এবং ডিএপি ২৫/-টাকা। বর্তমানে সার পরিস্থিতি স্বাভাবিক আছে। সরকার নির্ধারিত মূল্যে সার বিক্রি হচ্ছে। এছাড়া তিনি আরো জানান, অত্র জেলায় কোন সরকারি হার্টিকালচার সেন্টার না থাকায় উদ্যান ফসলের উন্নত জাতের চারা/কলম সহজলভ্য নয়। এর ফলে উন্নত জাত সম্প্রসারণ বাধাগ্রস্ত হচ্ছে। তাই উদ্যান ফসলের উন্নত জাতের চারা/কলম সহজলভ্য করার লক্ষ্যে নাজিরপুর উপজেলায় শাঁখালীকাঠী ইউনিয়নে দঃ শাঁখারীকাঠী সরকারি প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন সরকারি খাস জমিতে একটি হার্টিকালচার সেন্টার স্থাপন করার জন্য তিনি মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সহযোগিতা কামনা করেন। মাননীয় মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, হার্টিকালচার সেন্টার স্থাপনের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, নাজিরপুর-কে জমি সংক্রান্ত তথ্যাদি সংগ্রহপূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।	জেলার সার ডিলারগণের অনুকূলে বরাদ্দকৃত সার নিয়মিত উত্তোলন এবং সারের সংকট যাতে সৃষ্টি না হয় সে ব্যাপারে তদারকি/ মনিটরিং করাসহ অন্যান্য কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। ২। নাজিরপুর উপজেলায় হার্টিকালচার সেন্টার স্থাপনের লক্ষ্যে উপযুক্ত জমি নির্বাচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার নাজিরপুর এবং উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পিরোজপুর
--	--	---

১৫। মৎস্য বিভাগ, পিরোজপুর :

জনাব মো. মোশারেফ হোসেন, জেলা মৎস্য অফিস, পিরোজপুর জানান, এপ্রিল/১৯ মাসে ১। মৎস্য চাষে প্রযুক্তিসেবা সম্প্রসারণ কার্যক্রমঃ চাষীর পুকুর পরিদর্শন-৮৫ টি, অফিসে ও মোবাইল ফোনে পরামর্শ প্রদান-৬৪ জন। ২। সরকারি মৎস্য বীজ উৎপাদন খামারে গলদার পোনা উৎপাদন ও কার্প জাতীয় মাছের নার্সিং কার্যক্রম কার্যক্রম চলমান।	মৎস্য চাষে চাষীদের পুকুর পরিদর্শন, পরামর্শ প্রদান এবং বিভিন্ন প্রজাতির মাছ চাষ বৃদ্ধি করার প্রয়োজনীয় কার্যক্রম ব্যবস্থা গ্রহণসহ	১. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, পিরোজপুর। ২. জেলা মৎস্য অফিসার
--	---	---

<p>৩। মৎস্য সংরক্ষণ আইনঃ গণসচেতনতা সভা-৮২টি, হাট-বাজার পরিদর্শন-১২০টি অভিযান-১২১ টি, মোবাইল কোর্ট-৩৮টি, জন্মকৃত মাছ-০.০২২৪মে.টন, আটককৃত জাল-৬.৩১১৪ লক্ষ মিটার,মামলার সংখ্যা-৬০টি, জেল প্রদান ০২জন।</p> <p>৪। ফরমালিন ব্যবহার নিয়ন্ত্রণের জন্য অভিযান-০৪টি। গণসচেতনতা-০৬টি। হাটবাজার পরিদর্শন ০৬টি। মোবাইল কোর্ট -নাই।</p> <p>৫। প্রদর্শনী খামার স্থাপনঃ ৯৭টি কার্পজাতীয় প্রদর্শনী ও ০৯টি খাঁচায় মাছ চাষ প্রদর্শনী খামারের কার্যক্রম চলমান আছে। এছাড়া তিনি আরো জানান, ২০ মে হতে ২৩ জুলাই ২০১৯ পর্যন্ত সমুদ্রে কোন প্রকার মাছ ধরা নিষেধ প্রোগ্রাম বাস্তবায়ন হতে যাচ্ছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করা হয়। মৎস্য বিভাগের জনবল সমস্যাও রয়েছে মর্মে তিনি সভায় অবহিত করেন।</p>	<p>জাটকা নিধন/ অবৈধ বাঁধাজাল/ কারেন্ট জাল/ চরগড়া প্রতিরোধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>পিরোজপুর।</p>
--	--	------------------

১৬। জেলা প্রাণিসম্পদ বিভাগ :

<p>ডা. এস এম আউয়ুব আলী, জেলা প্রাণিসম্পদ অফিসার, পিরোজপুর জানান, তাদের বিভাগের কার্যক্রম যথাযথভাবে চলমান আছে এবং জনবল সংকট আছে। আশানুরূপ সার্ভিস দেয়া যাচ্ছেনা। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয় জানান, জনবল সংকটের বিষয়ে বিস্তারিত জানাবেন, ব্যবস্থা গ্রহণ করা হবে। সভাপতি জেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম বিধি মোতাবেক বাস্তবায়নের জন্য অনুরোধ জানান।</p>	<p>জেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম বিধি মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>জেলা প্রাণিসম্পদ অফিসার।</p>
--	--	---------------------------------

১৭। সমাজসেবা অধিদপ্তর, পিরোজপুর :

<p>জনাব এ.কে.এম আক্তারুজ্জামান তালুকদার, উপপরিচালক, সমাজ সেবা অধিদপ্তর পিরোজপুর জানান,</p> <p>১। সামাজিক নিরাপত্তা কর্মসূচি : পিরোজপুর জেলার সকল উপজেলার ২০১৮-১৯ অর্থ বছরের সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচির আওতায় সকল প্রকার ভাতার (জুলাই-সেপ্টেম্বর) ২য় কিস্তি ভাতার বরাদ্দ পাওয়া গেছে। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা কার্যালয় প্রেরণ করা হয়েছে এবং ভাতা বিতরণ শুরু হয়েছে। বয়স্ক ভাতা মোট-৩৮২৩৪জন, বরাদ্দকৃত অর্থ-১১,৪৭,০২,০০০/-টাকা। বিধবা ভাতা মোট ১৮৫৪৯জন, বরাদ্দ ৫,৫৬,৪৭,০০০/-টাকা। প্রতিবন্ধী ভাতা মোট ৮৭০৭জন, বরাদ্দকৃত অর্থ- ৩,৬৫,৬৯,৪০০/-টাকা।</p> <p>২। সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রম : বিভিন্ন খাতের আওতায় এপ্রিল/১৯ মাসে আদায়কৃত অর্থের পরিমাণ-১৯,৫৫,০৪৯/-টাকা। নেছারাবাদ উপজেলায় ৩০ জন ঋণ গ্রহিতার মাঝে মোট ৭,৭৫,০০০/-টাকা পুনঃবিনিয়োগ করা হয়েছে।</p> <p>৩। সমন্বিত দৃষ্টি প্রতিবন্ধী কার্যক্রম : দৃষ্টি প্রতিবন্ধীদের ভরনপোষণ,শিক্ষা প্রশিক্ষণের জন্য পিরোজপুর আদর্শ পাড়ায় সরকারিভাবে দ্বিতল ভবন নির্মিত হয়েছে। উক্ত প্রতিষ্ঠানে ০৪জন দৃষ্টি প্রতিবন্ধী ভর্তি করা হয়েছে এবং আরও ভর্তির চেষ্টা চলছে।</p> <p>৪। সরকারি শিশু পরিবার (বালিকা) কার্যক্রম : শিশু পরিবারের নিবাসীদের জন্য ৫ তলা বিশিষ্ট ভবন নির্মাণের জন্য ইতোমধ্যে ডিজিটাল সার্ভে রিপোর্ট স্থাপত্য অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। চূড়ান্ত নকশা প্রনয়নের কাজ চলমান। সরকারি শিশু পরিবার(বালিকা) এ ১০০জন নিবাসীর জন্য সরকারি বরাদ্দ রয়েছে। বর্তমানে মাত্র ৭২ জন নিবাসী আছে। শূন্য আসনে নিবাসী ভর্তি করা হবে। প্রকৃত এতিম নিবাসীদের ভর্তির আবেদন করার সহযোগিতা প্রদানের জন্য সকলের প্রতি অনুরোধ জানান।</p> <p>৫। জেলা সমাজসেবা পরিষদ হতে ৯১ জন অসুস্থ ব্যক্তিকে এপ্রিল/১৯ মাসে ২,২৪,০০০/-টাকা চিকিৎসা ও অন্যান্য আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। এছাড়া উপজেলা সমাজকল্যাণ পরিষদের অনুকূলে বিবিধ আনুঃ বাবদ ০৭টি উপজেলায় মোট ৭০,০০০/-টাকা বিতরণ করা হয়েছে।</p> <p>সভাপতি সমাজসেবা অধিদপ্তর এর গৃহীত কার্যক্রম বিধি অনুযায়ী সম্পন্ন করার জন্য এবং পবিত্র ঈদুল ফিতরের পূর্বে সকল প্রকার ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।</p>	<p>সমাজসেবা অধিদপ্তর কর্তৃক গৃহীত কার্যক্রম যথাসময়ের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং পবিত্র ঈদুল ফিতরের পূর্বে সকল প্রকার ভাতা বিতরণ কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, পিরোজপুর।</p>
---	---	--

১৮। মহিলা বিষয়ক অধিদপ্তর, পিরোজপুর :

<p>জনাব নুসরাৎ জাহান, উপপরিচালক (অ.দা.) মহিলা বিষয়ক অধিদপ্তর, পিরোজপুর জানান, প্রশিক্ষণ কার্যক্রমঃ প্রশিক্ষণ কার্যক্রমঃ এপ্রিল/১৯ মাসে জেলা এবং নাজিরপুর ও ভান্ডারিয়া উপজেলায় প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত আছে। এছাড়া উপজেলা পর্যায় মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ(আইজিএ) প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম চালু আছে। ক্ষুদ্র ঋণ : জেলাধীন ৭টি উপজেলায় ক্ষুদ্র ঋণ কার্যক্রম চালু আছে। এপ্রিল/১৯ মাসে কোন ঋণ বিতরণ করা হয়নি। মাতৃত্বকাল ভাতাঃ জেলাধীন ৭টি উপজেলায় ৬৬৯৬ জন উপকারভোগী জুলাই/১৮ মাস হতে</p>	<p>মহিলা বিষয়ক অধিদপ্তর, পিরোজপুর এর আওতায় ভাতা প্রদান কার্যক্রমসহ গৃহীত অন্যান্য কার্যক্রম বিধিমোতাবেক সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পিরোজপুর।</p>
--	---	---

<p>মাসিক ৮০০/-টাকা হারে ভাতা প্রাপ্য হবেন। যার ভাতা বিতরণ কার্যক্রম প্রক্রিয়াধীন। ২০১৮-১৯ বছরে প্রতি ইউনিয়নে ২০জন করে ভাতাভোগী নির্বাচনের বরাদ্দ পাওয়া যায়, যার নির্বাচন সম্পন্ন, তালিকা চূড়ান্ত অনুমোদনের অপেক্ষায় আছে।</p> <p>ভিজিডি কার্যক্রমঃ ৭টি উপজেলায় ৫১টি ইউনিয়নে ২০১৭-১৮ ভিজিডি চক্রের ১২৩০২ জন উপকারভোগীদের খাদ্য বিতরণের মেয়াদ ডিসেম্বর/১৮ মাসে শেষ হওয়ায় উপকারভোগীদের জমাকৃত সঞ্চয়ের অর্থ ফেরত প্রদান প্রায় শেষের দিকে। ভিজিডি ২০১৮-১৯(জানুয়ারি/১৯ হতে ডিসেম্বর/২০) এর নতুন উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন এবং তালিকা চূড়ান্ত অনুমোদন করা হয়েছে। কাউখালী উপজেলায় কাউখালী সদর চেয়ারম্যান তার সঞ্চয় টাকা এখনো ব্যাংকে জমা প্রদান করেন নি।</p> <p>কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচির আওতায় পিরোজপুর জেলাধীন স্বরূপকাঠী, ভাণ্ডারিয়া ও মঠবাড়িয়া পৌরসভার কার্যক্রম অব্যাহত আছে। ৮৫০জন উপকারভোগীদের ভাতা প্রদানের মেয়াদ ও ভাতার হার আরো ০১ বছর (জুলাই/১৮ হতে জুন/১৯ পর্যন্ত) বৃদ্ধি করা হয়েছে। ৮০০/- হারে ভাতা পাবেন। ২০১৮-১৯ অর্থ বছরে পিরোজপুর পৌরসভার জন্য বরাদ্দকৃত নতুন ৩৫০ জন উপকারভোগী চূড়ান্তভাবে নির্বাচন সম্পন্ন করা হয়েছে এবং প্রত্যেক উপকারভোগীদের নামে অগ্রণী ব্যাংক, পিরোজপুর হাসপাতাল সড়ক শাখায় হিসাব খোলা হয়েছে। এছাড়া সকল পৌরসভায় ২০১৮-১৯ অর্থ বছরে বরাদ্দকৃত নতুন উপকারভোগী নির্বাচন প্রক্রিয়াধীন আছে।</p> <p>যৌতুক ও বাল্য বিবাহ নিরোধঃ জেলা এবং উপজেলায় যৌতুক ও বাল্য বিবাহ নিরোধের লক্ষ্যে গণসচেতনতা সৃষ্টিমূলক আলোচনা সভা, সমাবেশ-উঠান বৈঠক এবং ক্যাম্পেইন অব্যাহত আছে। এপ্রিল/১৯মাসে পিরোজপুর জেলায় সর্বমোট ১০টি গণসচেতনতা সৃষ্টিমূলক আলোচনা সভা, সমাবেশ, উঠান বৈঠক এবং ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে। বাল্য বিবাহ প্রতিরোধঃ অত্র জেলায় এপ্রিল/১৯ মাসে সদর উপজেলায় ০১টি বাল্য বিবাহ প্রতিরোধ করা হয়েছে। এপ্রিল, ২০১৯ মাসে ওয়ান স্টপ ক্রাইসিস সেলে আগত নির্যাতনের শিকার নারী ও শিশুর প্রতিবেদন তথ্যঃ আলোচ্য মাসে মোট ৩১ জন নারী ও শিশু নির্যাতিত হয়েছে। এর মধ্যে ০১ জনকে লিগ্যাল এইড'এ আইনী সহায়তা দেয়ার জন্য প্রেরণ করা হয়। ০১ জনকে কাউন্সিলিং ও ০৪ জনকে প্রাথমিক চিকিৎসা প্রদান করা হয়। আইনী ব্যবস্থা গ্রহণের জন্য ৫ জনকে বিভিন্ন থানায় প্রেরণ করা হয়। ০১ জনকে জাতীয় মহিলা পরিষদ, পিরোজপুরে প্রেরণ করা হয়েছে। সভাপতি মহিলা বিষয়ক অধিদপ্তর, পিরোজপুর এর গৃহীত কার্যক্রম বিধি মোতাবেক বাস্তবায়নের অনুরোধ জানান।</p>		
--	--	--

১৯। সমবায় বিভাগ, পিরোজপুরঃ

<p>জেলা সমবায় অফিসার, পিরোজপুর সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।</p>	<p>পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।</p>	<p>জেলা সমবায় অফিসার, পিরোজপুর।</p>
---	---	--------------------------------------

২০। যুব উন্নয়ন অধিদপ্তর, পিরোজপুরঃ

<p>জনাব আবেদশাহ, উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, পিরোজপুর জানান, যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় পরিবারভিত্তিক ঋণ কর্মসূচির আওতায় ২০১৮-২০১৯ অর্থ বছরে ক্রমপুঞ্জিত ঋণ আদায়ের পরিমাণ ১২,২২,১০,২২৭/-টাকা। যার আদায়ের অগ্রগতির হার ৯৯%।</p> <p>আত্মকর্মসংস্থান ঋণ কর্মসূচির আওতায় ২০১৮-১৯ বছরে শুরু থেকে ক্রমপুঞ্জিত আদায়কৃত ঋণের পরিমাণ ১২,৯৪,৮১২/- টাকা। যার আদায়ের অগ্রগতির হার ৯৫%।</p> <p>কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদার প্রকল্পের 'ঋণ' কর্মসূচি আওতায় ২০১৭-১৮ অর্থ বছরে ক্রমপুঞ্জিত আদায় ১৩,৭৩,৭১৪/-টাকা। আদায় হার ৯৯%। এছাড়া ০৬ টি ট্রেডে আলোচ্য মাসে প্রতিষ্ঠানিক প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা ২০৭ জন। যুব কল্যাণ তহবিল হতে বেসরকারি যুব সংগঠনের (২০১০-২০১১ অর্থ বছর থেকে) অনুদানপ্রাপ্ত ক্রমপুঞ্জিত ১৫১ টি যুব সংগঠনের মধ্যে ক্রমপুঞ্জিত ২৬,৪০,০০০/- টাকা অনুদান বিতরণ করা হয়েছে এবং অনুন্নয়ন (রাজস্ব) খাত হতে অনুদান প্রাপ্ত যুব সংগঠনের ক্রমপুঞ্জিত ০৯টি, ক্রমপুঞ্জিত অনুদান বিতরণ ১,৫৫,০০০/-টাকা।</p>	<p>যুব উন্নয়ন অধিদপ্তর, পিরোজপুর এর আওতায় ঋণ বিতরণ, আদায়, প্রশিক্ষণ কার্যক্রম, ন্যাশনাল সার্ভিস কর্মসূচি কার্যক্রম সরকারি নীতিমালা মোতাবেক বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>উপপরিচালক যুব উন্নয়ন অধিদপ্তর, পিরোজপুর।</p>
--	--	--

<p>ন্যাশনাল সার্ভিস কর্মসূচি পর্ব-০৩ আওতায় কাউখালী উপজেলায় প্রশিক্ষণ শেষে ৪৪৯ জনকে ২ বছর মেয়াদী অস্থায়ী সংযুক্তি প্রদান করা হয়েছিল যা ৩০ জুন/১৭ সমাপ্ত হয়েছে।</p> <p>ন্যাশনাল সার্ভিস কর্মসূচি-০৪ এর আওতায় নাজিরপুর উপজেলায় ২বছর মেয়াদী অস্থায়ী সংযুক্তি প্রদান করা হয়েছে এবং মে/২০১৮ ১ম ব্যাচ সমাপ্ত হয়েছে। ২য় ব্যাচ ৩১ আগস্ট/২০১৮ সমাপ্ত হয়েছে। পুরুষ ৬০৩ জন, মহিলা ৬৯৪ জন মোট ১২৯৭জন।</p> <p>ন্যাশনাল সার্ভিস কর্মসূচি পর্ব-০৫ঃ ২০১৭-১৮ বছরে ইন্দুরকানী উপজেলায় ৬ সেপ্টেম্বর/১৭ মাস হতে মোট ৫২৯ জনের মধ্যে ৫২৫ জন প্রশিক্ষণ গ্রহণ শেষে ডিসেম্বর/১৭ অস্থায়ী সংযুক্তি প্রদান করা হয়।</p> <p>ন্যাশনাল সার্ভিস কর্মসূচি পর্ব-৬ : আওতায় ২০১৭-১৮ বছরে ভাণ্ডারিয়া ও নেছারাবাদ উপজেলায় কার্যক্রম শুরু হয়েছে। ভাণ্ডারিয়ায় ০৩ ডিসেম্বর/১৭ ৯৩৪ জনের প্রশিক্ষণ শুরু হয়েছে এবং ৯০৪ জনের প্রশিক্ষণ শেষে মার্চ/১৮ অস্থায়ী সংযুক্তি প্রদান করা হয়। নেছারাবাদে ০৩ ডিসেম্বর/১৭ মাস হতে ১ম ব্যাচে ১০০০ জনের মধ্যে ৮৯৮ জনের প্রশিক্ষণ শেষে অস্থায়ী সংযুক্তি প্রদান করা হয়। ২য় ব্যাচে ১০০০ জনের ৮৩৭ জনকে ১ জুন/১৮ অস্থায়ী সংযুক্তি প্রদান করা হয়েছে।</p> <p>ন্যাশনাল সার্ভিস কর্মসূচি পর্ব-৭ : এর আওতায় ২০১৭-১৮ পিরোজপুর সদর উপজেলায় ১৪৩৬ জনের মধ্যে ১ম ব্যাচে ০৩ ডিসেম্বর/১৭ মাস হতে ১০০০ জনের মধ্যে ৮৯৯ জন প্রশিক্ষণ শেষে অস্থায়ী সংযুক্তি প্রদান করা হয়েছে। ২য় ব্যাচে ১ জুন/১৮ ৪৩৬ জনের মধ্যে ৩৯১ জনকে অস্থায়ী সংযুক্তি প্রদান করা হয়েছে। এছাড়া তিনি আরো জানান, নেছারাবাদ ও নাজিরপুর এর ন্যাশনাল সার্ভিসের বরাদ্দকৃত ভাতার টাকা আসছে।</p> <p>সভাপতি এ বিষয়ে প্রত্যয়নপত্র সঠিকভাবে প্রদানের জন্য এবং যুব উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রম বিধিমোতাবেক বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।</p>		
---	--	--

২১। জেলা শিক্ষা বিভাগ, পিরোজপুর :

<p>জনাব সুনিল চন্দ্র সেন, জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর জানান, জেলা শিক্ষা বিভাগের মাল্টিমিডিয়া কার্যক্রম, বিভিন্ন অনুষ্ঠান, নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনসহ/মনিটরিংসহ অন্যান্য কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। সভাপতি বিদ্যালয়ে মনিটরিং কার্যক্রম বৃদ্ধিসহ মাল্টিমিডিয়া কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের, প্রত্যেক স্কুলে বিভিন্ন অনুষ্ঠান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং বিদ্যালয়ে আগামী পরীক্ষাসমূহ যাতে সঠিকভাবে অনুষ্ঠিত হয় সে বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।</p>	<p>জেলা শিক্ষা বিভাগ কর্তৃক গৃহীত কার্যক্রম বিধি মোতাবেক সম্পন্ন করার, শিক্ষা প্রতিষ্ঠান মনিটরিং কার্যক্রম বৃদ্ধিসহ মাল্টিমিডিয়া কার্যক্রম জোরদার করার এবং প্রত্যেক স্কুলে বিভিন্ন অনুষ্ঠান করার এবং পরীক্ষাসমূহ সঠিকভাবে অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর।</p>
---	--	--------------------------------------

২২। জেলা প্রাথমিক শিক্ষা বিভাগ, পিরোজপুর :

<p>জনাব মহা. ফজলে রহমান, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পিরোজপুর জানান, জেলা প্রাথমিক শিক্ষা বিভাগের কার্যক্রম যথাযথভাবে চলমান আছে এবং প্রাথমিক বিদ্যালয়ে বায়োমেট্রিক হাজিরা কার্যক্রম চালু হয়েছে। জনাব জহিরুল হক টিটু, সভাপতি, প্রেসক্লাব, পিরোজপুর জানান, অনেক প্রাথমিক বিদ্যালয়ের সভাপতি দীর্ঘদিন যাবত আছেন তাদের পরিবর্তন করা প্রয়োজন এবং প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক একাই সংস্কার/মেরামত কাজ করাচ্ছেন, এই বিষয়ে দেখার জন্য অনুরোধ জানান। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পিরোজপুর বলেন, এই বিষয়ে নির্দিষ্ট বিদ্যালয়ের নাম বললে ব্যবস্থা নেয়া হবে। এছাড়া তিনি আরো জানান, ২৪ মে ও ৩১ মে ২০১৯ তারিখ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগ পরীক্ষা আছে। সভাপতি প্রাথমিক বিদ্যালয়ে মাল্টিমিডিয়া কার্যক্রম ঠিকমত হয় কিনা এবং প্রাথমিক বিদ্যালয় নির্মাণ কাজের তদারকি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়া প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া সভাপতি বলেন, প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক নিয়োগ হবে সম্পূর্ণ স্বচ্ছ ও দুর্নীতিমুক্ত। বিষয়টি সকলের কাছে বহুল প্রচার ও জনসচেতনতার জন্য তিনি সাংবাদিকসহ সুধীবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন।</p>	<p>ক্লাসরুমে মাল্টিমিডিয়া কার্যক্রম তদারকিসহ সকল কাজ যথাযথভাবে বাস্তবায়ন করার এবং প্রাথমিক বিদ্যালয়ের সংস্কার / মেরামত কাজের তদারকী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ উপজেলা শিক্ষা অফিসার (সকল), পিরোজপুর।</p>
--	---	---

২৩। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, পিরোজপুর :

<p>জনাব মো. মোতালেব সাব অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, পিরোজপুর জানান, তাদের কার্যক্রম যথাযথভাবে চলমান আছে। সভাপতি আগুন নিয়ন্ত্রণের জন্য ফায়ার সার্ভিস বিভাগ যাতে দ্রুত আগুন নিয়ন্ত্রণ করতে সক্ষম হয় সে জন্য তাদেরকে সবসময় সতর্ক অবস্থায় থাকার জন্য অনুরোধ জানান।</p>	<p>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, পিরোজপুর এর কার্যক্রম বিধি মোতাবেক বাস্তবায়নের এবং জেলা শহরে যে কোন সময় আগুন লাগলে আগুন নিয়ন্ত্রণের জন্য ফায়ার সার্ভিস বিভাগ যাতে দ্রুত আগুন নিয়ন্ত্রণ করতে সক্ষম হয় সে জন্য তাদেরকে সবসময় সতর্ক থাকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>উপ-সহ: পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, পিরোজপুর।</p>
--	---	--

২৪। জেলা খাদ্য বিভাগ, পিরোজপুর :

<p>জনাব সঞ্জিত চাকমা, জেলা খাদ্য নিয়ন্ত্রক, পিরোজপুর জানান, খাদ্যশস্যের মওজুদ পরিস্থিতি সম্পর্কে জানান(১৯-০৫-১৯ পর্যন্ত) বর্তমানে জেলা শহরে ওএমএস খাতে আটা বিক্রি চলমান রয়েছে। বর্তমানে চাল মজুদ ৮৭৪০ মে.টন, গম মজুদ ৬৭০ মে.টন, সর্বমোট খাদ্যশস্য=৯৪১০ মে.টন। পিরোজপুর জেলায় বোরো সিদ্ধ চাল সংগ্রহ, ২০১৯ এর লক্ষ্যমাত্রাঃ ১৬০১ মে.টন। এ পর্যন্ত মোট সংগ্রহ- ০ মে.টন। সংগ্রহ মূল্য : সিদ্ধ চাল প্রতি কেজি-৩৬/-টাকা। চাল সংগ্রহের মেয়াদঃ ২৫ এপ্রিল, ২০১৯ হতে ৩১ আগস্ট, ২০১৯ পর্যন্ত। পিরোজপুর জেলায় বোরো ধান সংগ্রহ, ২০১৯ এর লক্ষ্যমাত্রা ৪৬৮৬ মে.টন। এ পর্যন্ত সংগ্রহ- ০ মে.টন। সংগ্রহ মূল্যঃ ধান প্রতি কেজি-২৬/-টাকা। ধান সংগ্রহের মেয়াদ ২৫ এপ্রিল, ২০১৯ হতে ৩১ আগস্ট, ২০১৯ পর্যন্ত। জেলায় প্রাপ্ত বরাদ্দ ০২ মে.টন গম বিভাগে সমর্পণ করা হয়েছে। সভাপতি খাদ্য গুদাম যথাযথভাবে তদারকি করার জন্য অনুরোধ জানান। মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, যে অঞ্চলে বেশী ধান উৎপাদন হয় সে জায়গায় বেশী ধান সংগ্রহ/ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়া সরাসরি কৃষকদের নিকট থেকে যাতে ধান ক্রয়/সংগ্রহ করা হয় তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।</p>	<p>খাদ্য বিভাগের আওতায় গৃহীত যাবতীয় কার্যক্রম বিধি মোতাবেক বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের এবং যে অঞ্চলে বেশী ধান উৎপাদন হয় সে জায়গায় বেশী ধান সংগ্রহ/ক্রয়ের এবং সরাসরি কৃষকদের নিকট থেকে ধান ক্রয়/সংগ্রহ করা হয় তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>জেলা খাদ্য নিয়ন্ত্রক, পিরোজপুর।</p>
--	--	---

২৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর, পিরোজপুর :

<p>জনাব মোঃ মোজাহারুল হক, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, পিরোজপুর জানান, জেলা ত্রাণ ও পুনর্বাসন শাখা, পিরোজপুর এর গৃহীত কার্যক্রম যথাযথভাবে চলমান আছে। এছাড়া তিনি আরো জানান, ঈদ উপলক্ষ্যে ভিজিএফ এর বরাদ্দ পাওয়া গেছে। সভাপতি ভিজিএফ এর বরাদ্দ ঈদের পূর্বে যথাযথভাবে বিতরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।</p>	<p>নীতিমালা অনুযায়ী প্রকল্প গ্রহণপূর্বক যথাযথভাবে প্রকল্পকাজ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের এবং ঈদ উপলক্ষ্যে প্রাপ্ত ভিজিএফ ঈদের পূর্বে বিতরণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>মেয়র(সকল) পৌরসভা, উপজেলা নির্বাহী অফিসার(সকল) এবং জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, পিরোজপুর।</p>
--	---	---

২৬। জেলা তথ্য অফিস, পিরোজপুর_ :

<p>জনাব মহসীন হোসেন তালুকদার, জেলা তথ্য অফিসার, পিরোজপুর জানান, এপ্রিল/১৯ মাসে চলচ্চিত্র প্রদর্শন-৪০টি, সড়ক প্রচার(মাইকিং)-২৫টি, সভা অনুষ্ঠানে শব্দযন্ত্র স্থাপন-২৫টি, ক্ষুদ্র ও খন্ড সভা-০৬টি, পোস্টার ও পুস্তিকা বিতরণ-১৬০কপি, সঙ্গীতানুষ্ঠান-২৪টি, উঠান বৈঠক-০৮টি, ভিডিও কনফারেন্স-২টি অনুষ্ঠিত হয়েছে। সভাপতি জেলা তথ্য অফিসের গৃহীত কার্যক্রম বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য এবং বাজারের দিন জনবহুল স্থানে তথ্য অফিসের বিভিন্ন সরকারি ডকুমেন্টসমূহ প্রদর্শনের জন্য অনুরোধ জানান।</p>	<p>জেলা তথ্য অফিস, পিরোজপুর এর কার্যক্রম বিধিমোতাবেক সম্পন্ন করার এবং জনবহুল স্থানে তথ্য অফিসের বিভিন্ন সরকারি ডকুমেন্টসমূহ প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>জেলা তথ্য অফিসার, পিরোজপুর।</p>
--	---	------------------------------------

২৭। জেলা পরিবার পরিকল্পনা অধিদপ্তর, পিরোজপুর :

<p>জনাব রামকৃষ্ণ দাস, উপপরিচালক (ভা:প্রা:), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, পিরোজপুর জানান, এপ্রিল/১৯ মাসে পিরোজপুর জেলায় বর্তমানে পিরোজপুর জেলার সর্বমোট সক্ষম দম্পতির সংখ্যাঃ ২,০১,৮৬৮ জন। জেলার সর্বমোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যাঃ ১,৫৮,২০৮ জন। জেলার পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর হার (সি.এ.আর) ৭৮.৩৭%, সেবা দেয়া হয়েছে স্থায়ী পদ্ধতিঃ পুরুষ-৬জন, মহিলা-৪১জন। আইইউডি- ১৪৯জন, ইমপ্ল্যান্ট -২০৮, খাবার বড়ি-৬৬,৯৭০৮ক্র, কনডম-৬৯,১২০পিচ, ইনজেকশন-৬৬৯০ডোজ। মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমের অগ্রগতিঃ গর্ভবতি মা এর সংখ্য-৭০৯০ জন, প্রসব পূর্বসেবা ২৫৬৮জন, প্রসব সেবা- ১০৮০জন, প্রসবোত্তর সেবা- ১১৮০ জন, শিশু স্বাস্থ্য সেবা(০-৫)বছর-১২,১২০জন. সাধারণ- রোগী সেবা-১৯,৮২০জন। স্থায়ী পদ্ধতি মাসিক প্রক্ষেপন ১২৫, অর্জন ৪৭ হার ৩৮%। আইইউডি মাসিক প্রক্ষেপন ২৯২, অর্জন ১৪৯, হার ৫১%। ইমপ্ল্যান্ট মাসিক প্রক্ষেপন ২৯২, অর্জন ২০৮, হার ৭১%। খাবার বড়ি (জন) মাসিক প্রক্ষেপন ৭৬৪৩৬, অর্জন-৮১৫৫৪, হার ১০৭%। কনডম(জন) মাসিক প্রক্ষেপন ১৩৭১৯, অর্জন- ১১৪৭০, হার-৮৪%। ইনজেকশন (জন) মাসিক প্রক্ষেপন ৩৭২৩৮, অর্জন ২৯৪০৪, হার ৭৯%। সভাপতি পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।</p>	<p>পরিবার পরিকল্পনা অধিদপ্তর, পিরোজপুর কর্তৃক গৃহীত কার্যক্রম বিধি মোতাবেক বাস্তবায়নের করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>উপপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, পিরোজপুর।</p>
---	--	--

২৮। জাতীয় মহিলা সংস্থা, পিরোজপুর :

<p>চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, পিরোজপুর সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।</p>	<p>পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।</p>	<p>চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, পিরোজপুর।</p>
---	---	--

২৯। জেলা নির্বাচন অফিস, পিরোজপুর :

<p>জেলা নির্বাচন অফিসার, পিরোজপুর সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।</p>	<p>পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।</p>	<p>জেলা নির্বাচন অফিসার, পিরোজপুর এবং সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান।</p>
---	---	---

৩০। বি.আর.ডি.বি, পিরোজপুর :

<p>জনাব মোঃ ছরোয়ারুল আলম, উপপরিচালক, বি. আর. ডি. বি, পিরোজপুর জানান যে, আলোচ্য মাস পর্যন্ত স্বল্প মেয়াদী ব্যাংক ঋণ, আবর্তক (কৃষি) ঋণ (ঘূর্ণায়মান সহ), সদাবিক (ঘূর্ণায়মান সহ), পল্লী প্রগতি প্রকল্প(ঘূর্ণায়মান সহ), অসচ্ছল মুক্তিযোদ্ধা কর্মসূচি(ঘূর্ণায়মান সহ), মহিলা উন্নয়ন অনুবিভাগ(মউ), আদর্শ গ্রাম প্রকল্প-২(ঘূর্ণায়মান সহ), গুচ্ছগ্রাম প্রকল্প, ইরেসপো প্রকল্প এবং পল্লী জীবিকায়ন প্রকল্প-২ আওতায় ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম যথাযথভাবে চলমান আছে। ২০১৮-১৯ অর্থ বছরে আদায়ের হার ৬৫%। এছাড়া তিনি আরো জানান, পিআরডিপি-৩ কর্তৃক ভিডিসি স্কিম পিরোজপুর সদর, মঠবাড়িয়া ও ইন্দুরকানী উপজেলায় ২০১৮-১৯ অর্থ বছরে লক্ষ্যমাত্রা ২৯টি, অর্জন ২৩টি। গত অর্থ বছরে অর্জন ১২৪টি। ক্রমপুঞ্জিত অর্জন ১৭২টি। সভাপতি বিআরডিবি আওতায় ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম বিধি মোতাবেক বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।</p>	<p>বিআরডিবি, পিরোজপুর আওতায় ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম বিধি মোতাবেক বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>উপরিচালক বি, আর, ডি, বি, পিরোজপুর।</p>
--	--	---

৩১। আমার বাড়ি আমার খামার প্রকল্প

<p>আমার বাড়ি আমার খামার প্রকল্প সমিতি গঠন ৭০৭টি, সদস্য ভর্তি ২২,৩৪০জন, সঞ্চয় জমা-৪১১.০০ লক্ষ টাকা, ঋণ গ্রহীতার সংখ্যা- ১০৮৬০জন, ঋণ বিতরণ-১২২০ লক্ষ টাকা, ঋণ আদায়-২৮৮.৭০ লক্ষ টাকা, আদায়ের হার ৩৭%। সভাপতি আমার বাড়ি আমার খামার প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ জানান।</p>	<p>আমার বাড়ি আমার খামার প্রকল্প এর গৃহীত কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>জেলা সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার প্রকল্প</p>
---	--	---

৩১। ওজোপাড়িকো, পিরোজপুর :

<p>জনাব মোঃ জিয়াউল হক, নির্বাহী প্রকৌশলী, ওজোপাড়িকো লিঃ, পিরোজপুর জানান, ওজোপাড়িকো, পিরোজপুর এর গৃহীত কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। পবিত্র রমজান মাসে যাতে ঠিকমত বিদ্যুৎ থাকে কোন সমস্যা না হয় সেজন্য তাদের প্রচেষ্টা অব্যাহত আছে। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয় জানান, বাগেরহাট গ্রীড থেকে পিরোজপুর জেলায় আলাদা গ্রীডে বিদ্যুৎ লাইন স্থানান্তরের প্রকল্প অনুমোদিত ২য় ফেইজ থেকে প্রথম ফেইজে আনা হয়েছে।</p>	<p>ওজোপাড়িকো লিঃ, পিরোজপুর এর গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>নির্বাহী প্রকৌশলী, ওজোপাড়িকো এবং সংশ্লিষ্ট সকল অফিস।</p>
--	---	--

৩২। পল্লী বিদ্যুৎ সমিতি, পিরোজপুর :

জনাব মোঃ মফিজুর রহমান, জিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, পিরোজপুর জানান, পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতির আওতায় (১) লাইন নির্মাণ লক্ষ্যমাত্রা-১৩৭৮.০০ কি.মি., অর্জন-১৩৪৩.০০ কি.মি. এবং অগ্রগতির হার ৯৭.৪৬%। (২) গ্রাহক সংযোগ লক্ষ্যমাত্রা-৭৬৬২০টি অর্জন- ৫৩৩৬০ টি এবং অর্জনের হার ৬৯.৬৪%। (৩) উপ-কেন্দ্র নির্মাণ লক্ষ্যমাত্রা-০৩টি, অর্জন-০১টি সম্পদ, ০২টি চলমান, অর্জনের হার ৭২%। (৪) হাউজ হোল্ড সংখ্যা লক্ষ্যমাত্রা-৪০৩৯৫১টি, অর্জন-৩৭৫৯৪টি, অর্জনের হার-৯২.৯৩%। সভাপতি পল্লী বিদ্যুৎ সমিতির আওতায় শতভাগ বিদ্যুৎ প্রদান প্রকল্প কাজ দ্রুত শেষ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।	পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতির আওতায় গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের এবং পল্লী বিদ্যুৎ সমিতির আওতায় শতভাগ বিদ্যুৎ প্রদান প্রকল্প কাজ দ্রুত শেষ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের এবং সিদ্ধান্ত গৃহীত হয়।	জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, এবং সংশ্লিষ্ট সকল অফিস।
--	---	---

৩৩। আয়কর বিভাগ, পিরোজপুর :

জনাব সুব্রত কুমার দে, সহকারী কর কমিশনার, পিরোজপুর জানান, আয়কর বিভাগের কার্যক্রম যথাযথভাবে চলমান আছে। বর্তমানে জরিমানাসহ আয়কর প্রদান/নেওয়া কার্যক্রম চলমান রয়েছে।	আয়কর বিভাগের কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী কর কমিশনার আয়কর বিভাগ পিরোজপুর।
--	---	---

৩৪। বিসিক, পিরোজপুর :

জনাব মিল্টন চন্দ্র বৈরাগী, সম্প্রসারণ কর্মকর্তা-উপব্যবস্থাপক, বিসিক, পিরোজপুর জানান, বিসিক, পিরোজপুর এর আওতায় গৃহীত কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে।	বিসিক, পিরোজপুর এর আওতায় গৃহীত কার্যক্রম বিধিমোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপব্যবস্থাপক, বিসিক, পিরোজপুর।
--	---	--------------------------------

৩৫। ইসলামিক ফাউন্ডেশন, পিরোজপুর :

জনাব একেএম সাদউদ্দিন, উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, পিরোজপুর জানান, ইসলামিক ফাউন্ডেশনের আওতায় সন্ত্রাস ও জঙ্গীবাদ নির্মূলে ইমাম সমাবেশ, বই বিক্রয়, মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, বিভিন্ন জাতীয় অনুষ্ঠানপালনসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। এছাড়া সরকারি যাকাত ফান্ডে যাকাত প্রদানের জন্য তিনি অনুরোধ জানান। সভাপতি জঙ্গীবাদ নির্মূলে মসজিদে জুমার নামাজের সময় ইমামদের বক্তব্য রাখা অব্যাহত রাখার জন্য এবং যাকাত ফান্ডে যাকাতের অর্থ প্রদানের জন্য সকলকে অনুরোধ জানান।	মসজিদ ভিত্তিক শিশু ও গণ শিক্ষাকেন্দ্রসমূহ নিয়মিত পরিদর্শনসহ অন্যান্য গৃহীত কার্যক্রম বিধি মোতাবেক বাস্তবায়নের এবং জঙ্গীবাদ নির্মূলে মসজিদে জুমার নামাজের সময় ইমামদের বক্তব্য রাখা অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সরকারি যাকাত ফান্ডে যাকাতের অর্থ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, পিরোজপুর।
--	--	---

৩৬। বিএডিসি (ক্ষুদ্র সেচ), পিরোজপুর :

জনাব জগন্নাথ বিশ্বাস, সহঃ প্রকৌশলী বিএডিসি (ক্ষুদ্র সেচ), পিরোজপুর জানান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, পিরোজপুর জোন এর আওতায় এপ্রিল/১৯ মাসে ক) খাল পুনঃখনন ৩১ কিঃ মিঃ, অগ্রগতি ৭০%। (খ) ভূ-গর্ভস্থ সেচনালা-৪টি, অগ্রগতি ৯০%। (গ) সেচ অবকাঠামো নির্মাণ ০৭টি, অগ্রগতি ৩৫%। (ঘ) সোলার পাম্প স্থাপন-০২টি, অগ্রগতি ৫০%। উক্ত রপত্র আস্থান করা হয়েছে। সভাপতি কাজের মান যথাযথভাবে বজায় রেখে প্রকল্পকাজ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।	বিএডিসি (ক্ষুদ্র সেচ), পিরোজপুর জোন এর আওতায় গৃহীত প্রকল্প কাজের মান যথাযথভাবে বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রকৌশলী, বিএডিসি, পিরোজপুর।
---	--	-------------------------------------

৩৭। জেলা শিশু একাডেমি, পিরোজপুর :

জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, পিরোজপুর সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।	জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, পিরোজপুর।
--	--	---------------------------------------

৩৮। কৃষি বিপণন অধিদপ্তর (জেলা মার্কেটিং বিভাগ), পিরোজপুর :

জনাব আব্দুল মান্নান হাওলাদার, জেলা বাজার কর্মকর্তা, পিরোজপুর জানান, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। বিগত মাস অপেক্ষা এপ্রিল/১৯ মাসে কিছু সয়াবিন, আটা, মুরগি ব্রয়লার এর কিছু মূল্য হ্রাস পেয়েছে। পিয়াজ, রসুন, চিনি, গোল আলু, ডিম পণ্যের মূল্য বৃদ্ধি পেয়েছে এবং কিছু কিছু পণ্যের মূল্য স্থিতিশীল রয়েছে। বাজার পরিস্থিতি সার্বক্ষণিক নজর রাখা হচ্ছে মর্মে সভায় তিনি অবহিত করেন। সভাপতি সার্বক্ষণিকভাবে বাজার পরিস্থিতি মনিটরিং করার ব্যবস্থা গ্রহণের এবং মোবাইল কোর্ট পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।	বাজার পরিস্থিতি সার্বক্ষণিক মনিটরিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের এবং মোবাইল কোর্ট পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলা বাজার কর্মকর্তা, পিরোজপুর।
--	--	---------------------------------

৩৯। বিটিসিএল, পিরোজপুর :

জনাব মোঃ শহীদুল ইসলাম, উপ-সহঃ প্রকৌশলী, বিটিসিএল, পিরোজপুর জানান, বিটিসিএল, পিরোজপুর এর কার্যক্রম যথাযথভাবে চলমান আছে।	বিটিসিএল, পিরোজপুর এর গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রকৌশলী, বিটিসিএল, পিরোজপুর।
--	---	--------------------------------------

৪০। জেলা পরিসংখ্যান বিভাগ, পিরোজপুর :

জনাব এস.এম. সালাউদ্দিন, পরিসংখ্যান কর্মকর্তা, পক্ষে- উপ-পরিচালক, পিরোজপুর জানান, পরিসংখ্যান বিভাগের কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। এছাড়া তিনি আরো জানান, আগামী ৯ জুন, ২০১৯ থেকে ২০ জুন পর্যন্ত কৃষি শুমারি অনুষ্ঠিত হবে। উক্ত কৃষি শুমারি অনুষ্ঠানে সঠিক তথ্য দিয়ে সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। সভাপতি কৃষি শুমারিতে সঠিক তথ্য দিয়ে সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান।	পরিসংখ্যান বিভাগ, পিরোজপুর কর্তৃক গৃহীত কার্যক্রম বিধি মোতাবেক সম্পন্ন করার এবং কৃষি শুমারী কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপপরিচালক, জেলা পরিসংখ্যান বিভাগ, পিরোজপুর।
--	--	---

৪১। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, পিরোজপুর :

উপ-সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, পিরোজপুর সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।	সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, পিরোজপুর
--	--	---

৪২। জেলা ব্যবসায়ী সমিতি, পিরোজপুর :

সভাপতি, জেলা ব্যবসায়ী সমিতি, পিরোজপুর অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।	সভাপতি, জেলা ব্যবসায়ী সমিতি, পিরোজপুর
--	--	--

৪৩। বিএসটিআই, বরিশাল :

উপপরিচালক, বিএসটিআই, বরিশাল এর পক্ষে কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।	উপপরিচালক, বিএসটিআই, বরিশাল।
---	--	------------------------------

৪৪। পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, পিরোজপুর :

জনাব শেখ শাহ আলম, উপ-সহ-পরিচালক, পক্ষে- উপপরিচালক, পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, পিরোজপুর জানান, সমিতির কার্যালয়ের সংখ্যা অর্জন-০৬টি, সমিতির সংখ্যা অর্জন-৭১০টি, সদস্য সংখ্যা অর্জন-২৭৩২৯জন, ঋণী সদস্য সংখ্যা অর্জন-১৫২৪৩জন, ঋণ বিতরণ(ক্ষুদ্র) অর্জন-২৮৭৭.৮৫ লক্ষ টাকা, ঋণ বিতরণ(সেলপ) অর্জন-৯০৩.৪৫ লক্ষ টাকা, ঋণ বিতরণ(শস্য) অর্জন-৫৪১.২৮ লক্ষ টাকা, চলতি আদায়ের হার অর্জন- ৯৫%, মাঠে পাওনা ঋণের পরিমাণ অর্জন- ২৪৫২.৬৩ লক্ষ টাকা, মোট খেলাপী অর্জন- ৪২৮.৯৬ লক্ষ টাকা, কিস্তি খেলাপী অর্জন-৯৯.৭৮ লক্ষ টাকা, মেয়াদ খেলাপী অর্জন-৩২৯.১৯ লক্ষ টাকা, সাধারণ সঞ্চয় অর্জন-৯৯৯.২০ লক্ষ টাকা, সোনালী সঞ্চয় অর্জন-১১২২.৮২ লক্ষ টাকা, মেয়াদী সঞ্চয় অর্জন- ৭২৫.৯৬ লক্ষ টাকা এবং দক্ষতা উন্নয়ন ও নেতৃত্ব বিকাশ ৬টি কার্যালয় অর্জন ১২ ব্যাচ। সভাপতি জানান, পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, পিরোজপুর এর যাবতীয় কার্যক্রম বিধিমোতাবেক বাস্তবায়নের জন্য অনুরোধ জানান।	পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, পিরোজপুর এর কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, কাউখালী। ২। উপপরিচালক, পিডিবিএফ, পিরোজপুর।
--	--	--

৪৫। বিএডিসি(বীজ বিপন্নন বিভাগ), পিরোজপুর :

জনাব নন্দিতা হাওলাদার, সিনিয়র সহকারী পরিচালক, বিএডিসি (বীজ বিপন্নন), পিরোজপুর জানান, তার বিভাগের গৃহীত কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। সভাপতি বাজারে নকল বীজ বিক্রি না হয় এবং বীজের মান যথাযথভাবে বজায় থাকে সে বিষয়ে মনিটরিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।	বিএডিসি(বীজ বিপন্নন), পিরোজপুর এর কার্যক্রম যথাযথভাবে সম্পাদন করার, বাজারে নকল বীজ বিক্রি না হয় এবং বীজের মান যথাযথভাবে বজায় থাকে সে বিষয়ে মনিটরিং করার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সিনিয়র সহকারী পরিচালক বীজ বিপন্নন পিরোজপুর।
---	--	--

৪৬। প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, পিরোজপুর :

জনাব প্রিয়ংবদা ভট্টাচার্য, প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, পিরোজপুর জানান এপ্রিল/১৯ মাসে নতুন নিবন্ধিত সেবা গ্রহীতা-৭৮, ফিজিও থেরাপি-৩৭৮ জন, অকুপেশনাল থেরাপি-২৪৭ জন, দৃষ্টি প্রতিবন্ধী-০১, স্পীচ এন্ড ল্যঙ্গুয়েজ থেরাপি-৪৯ জন, কাউন্সিলিং-০২ জন, শ্রবণ প্রতিবন্ধী-০২, অন্যান্য-৪৭১সহ মোট সেবা গ্রহীতার সংখ্যা ১১৫০ জন।	প্রতিবন্ধীসেবা ও সাহায্য কেন্দ্র, পিরোজপুর কর্তৃক গৃহীত কার্যক্রম বিধিমোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, পিরোজপুর
--	---	--

৪৭। জেলা বাস মালিক সমিতি, পিরোজপুর :

সভাপতি, জেলা বাস মালিক সমিতি, পিরোজপুর সভায় অনুপস্থিত থাকায় তাদের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।	সভাপতি জেলা বাস মালিক সমিতি।
--	--	------------------------------

৪৮। জেলা শিল্পকলা একাডেমি, পিরোজপুর :

জনাব জিয়াউল আহসান গাজী, সাধারণ সম্পাদক, জেলা শিল্পকলা একাডেমি, পিরোজপুর জানান, জেলা শিল্পকলা একাডেমি, পিরোজপুর এর কার্যক্রম যথাযথভাবে চলমান আছে। পিরোজপুর জেলা শিল্পকলা একাডেমির উন্নয়নের জন্য ৩ কোটি টাকা বরাদ্দ করার জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয় এর প্রতি তিনি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।	জেলা শিল্পকলা একাডেমি, পিরোজপুর এর গৃহীত কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি।
--	---	---

৪৯। ভিশন ২০২১ঃ ডিজিটাল বাংলাদেশ অগ্রগতি ও অর্জন :

ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি), ডিজিটাল বাংলাদেশ রূপকল্প ২০২১ বাস্তবায়নে একটি শক্তিশালী উদ্যোগ এবং একটি অত্যাধুনিক তথ্য ও সেবা কেন্দ্র, যার উদ্দেশ্য তৃণমূল পর্যায়ে মানুষের দোর গোড়ায় তথ্য সেবা নিশ্চিত করা। এ জেলার ৫১ টি ইউনিয়ন পরিষদে ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও ০৪ টি পৌর ডিজিটাল সেন্টার ও ০১টি জেলা পরিষদ ডিজিটাল সেন্টার স্থাপন করা হয়েছে এবং জনসাধারণ এর সুফল পাচ্ছে। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ সেবা প্রদান করে অর্থ রোজগার করার কার্যক্রম অব্যাহত আছে। সভাপতি উপজেলা নির্বাহী অফিসারগণ-কে সংশ্লিষ্ট উপজেলার ডিজিটাল সেন্টারের কার্যক্রম তদারকি করার জন্য অনুরোধ জানান। এছাড়া সকল অফিসে ই-নথি কার্যক্রম বাস্তবায়ন করার এবং ওয়েব সাইট আপডেট করার জন্য অনুরোধ জানান।	এ জেলার সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার চালু রাখার ব্যবস্থা গ্রহণ করার, সকল অফিসে ই-নথি কার্যক্রম বাস্তবায়নসহ সকল অফিসের ওয়েব সাইট আপডেট রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ ইউপি চেয়ারম্যান (সকল), পিরোজপুর।
--	--	---

৫০। আঞ্চলিক পাসপোর্ট অফিস, পিরোজপুর :

জনাব মোঃ আবুল হোসেন, সহকারী পরিচালক, পাসপোর্ট অফিস, পিরোজপুর জানান, এপ্রিল/১৯ মাসে ১০৭৩ টি মেশিন রিডেবল পাসপোর্ট (এম.আর.পি) পাসপোর্টের আবেদন পাওয়া গেছে (৯০১ টি সাধারণ+ ১৬৮ টি জরুরী এবং অফিসিয়াল-০৪টি)। পূর্ববর্তী মাসের জমানুসারে এপ্রিল/১৯ মাসে ৭৮০টি পাসপোর্ট পাওয়া গেছে এবং ৮৩৮টি পাসপোর্ট বিতরণ করা হয়েছে। অবশিষ্ট আবেদন চলমান প্রক্রিয়াধীন রয়েছে।জনাব জিয়াউল আহসান, সভাপতি এনজিও ফোরাম, পিরোজপুর পাসপোর্ট অফিসের সামনে অবৈধভাবে একটি চা-পানের দোকান উঠানো হয়েছে, সেখানে দালাল চক্র বসে থাকে উল্লেখ করে অবৈধভাবে উঠানো এই দোকানটি উচ্ছেদ করা প্রয়োজন মর্মে সভায় অবহিত করেন। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়, পাসপোর্ট অফিস এবং অফিসের আস-পাশ দালালমুক্ত রাখার জন্য, কোন অজুহাতে কোন ব্যক্তির আবেদন যাতে ফেরত না দেয়া হয় এবং অভিযোগ দেখে ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান। সভাপতি পাসপোর্ট অফিসে দালাল চক্রের কোন তৎপরতা না থাকে এবং পাসপোর্টের আবেদনকারীদের যথাযথভাবে সেবা দেয়ার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।	পাসপোর্ট অফিস, পিরোজপুর এর কার্যক্রম বিধি মোতাবেক সম্পন্ন করার, পাসপোর্ট অফিস, তার আস-পাশ দালালমুক্ত রাখার এবং পাসপোর্ট অফিসের সামনে অবৈধভাবে উঠানো দোকান উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ-সহকারী পরিচালক, পাসপোর্ট অফিস, পিরোজপুর।
---	--	---

৫১। ঔষধ তত্ত্বাবধায়ক, পিরোজপুর :

ঔষধ তত্ত্বাবধায়ক, পিরোজপুর সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।	ঔষধ তত্ত্বাবধায়ক, পিরোজপুর।
---	--	------------------------------

৫২। পরিবেশ অধিদপ্তর, বরিশাল :

পরিচালক, পরিবেশ অধিদপ্তর বরিশাল এর কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।	পরিচালক, পরিবেশ অধিদপ্তর।
---	--	---------------------------

৫৩। জেলা রেজিস্ট্রার, পিরোজপুর :

জনাব আব্দুল কুদ্দুস হাওলাদার, জেলা রেজিস্ট্রার, পিরোজপুর জানান, এপ্রিল/১৯ মাসে বিভিন্ন ফি হতে মোট ৪,৯৯,৯০,২৬৮/-টাকা রাজস্ব আদায় হয়েছে। সভাপতি নামজারী, রেকর্ড ইত্যাদি দেখে এবং সকল নিয়ম মেনে দলিল রেজিস্ট্রি করার জন্য অনুরোধ জানান।	জেলা রেজিস্ট্রার, পিরোজপুর কার্যালয়ের বিভিন্ন খাতসমূহ হতে যথাযথভাবে রাজস্ব আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের এবং নামজারী, রেকর্ড ইত্যাদি দেখে এবং সকল নিয়ম মেনে দলিল রেজিস্ট্রি করার সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলা রেজিস্ট্রার, পিরোজপুর।
---	--	-----------------------------

৫৪। হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, পিরোজপুর :

জনাব বাসুদেব চন্দ্র হালদার, কম্পিউটার অপারেটর, পক্ষে-সহকারী পরিচালক, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, পিরোজপুর জানান, এপ্রিল/১৯ মাসে সহকারী পরিচালক কর্তৃক পরিদর্শন কেন্দ্র সংখ্যা (এফ এস-১) ৬২টি, (এফ এস-২)-৬৭টি, পরিদর্শনের দিন-১০ দিন। মাসিক ছাত্র/ছাত্রীর গড় উপস্থিতি-শিশু শিক্ষা কেন্দ্র-২৪জন, বয়স্ক শিক্ষা কেন্দ্র- ২১ জন।	হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, পিরোজপুর এর কার্যক্রম বিধি মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।
--	---	--

৫৫। সামাজিক বন বিভাগ, পিরোজপুর :

জনাব মোঃ শফিকুল ইসলাম, ভারপ্রাপ্ত কর্মকর্তা, পক্ষে-বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, বাগেরহাট জানান, পিরোজপুর জেলার ২০১৮-১৯ অর্থ বছরে ৫০ কিলোমিটার বাগান সৃজন করার কর্মসূচি রয়েছে। তাছাড়া দারিদ্র বিমোচনের লক্ষ্যে রাস্তার উভয় পার্শ্বের জনগনকে সম্পৃক্ত করে উপকারভোগী গ্রুপ গঠন করা হবে। বন বিভাগের অন্যান্য উন্নয়নমূলক কাজ যথারীতি চলমান। সভাপতি বলেন, গাছলাগানোর মৌসুম আসন্ন, গাছ লাগানোর বিষয় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান।	সামাজিক বন বিভাগ, পিরোজপুর এর আওতায় গৃহীত প্রকল্প/কার্যক্রম বিধিমোতাবেক বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, পিরোজপুর।
---	---	--

৫৬। জেলা ক্রীড়া অফিস, পিরোজপুর :

জেলা ক্রীড়া অফিসার, পিরোজপুর সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।	জেলা ক্রীড়া অফিসার পিরোজপুর।
---	--	-------------------------------

৫৭। ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, পিরোজপুর :

সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, পিরোজপুর সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয় নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।	সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, পিরোজপুর।
--	--	---

৫৮। বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন, পিরোজপুর :

ব্যবস্থাপক, বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন, পিরোজপুর সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয় নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।	ম্যানেজার, বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন, পিরোজপুর।
--	--	--

৫৯। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর :

শ্রম পরিদর্শক(সাধা:) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, বরিশাল সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয় নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।	সহকারী পরিচালক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর বরিশাল।
--	--	--

কৃষি ব্যাংক, সোনালী ব্যাংক লিঃ, কর্মসংস্থান ব্যাংক, পিরোজপুরসহ অন্যান্য বিভাগের স্ব-স্ব বিভাগের কর্মকর্তাগণ তাদের দপ্তরের কর্মকান্ড সম্পর্কে আলোচনা করেন। এসব বিভাগের কর্মসূচি বাস্তবায়নে কোনরূপ সমস্যা আছে কি না জানতে চাইলে কর্মকর্তাগণ জানান আপাতত কোন সমস্যা নেই।	স্ব-স্ব বিভাগের কার্যাবলী যথাযথভাবে সম্পাদন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	স্ব স্ব দপ্তর প্রধান।
--	---	-----------------------

জনাব মোল্লা আজাদ হোসেন, পুলিশ সুপার (ভা.প্রা.), পিরোজপুর জানান, পিরোজপুর জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো আছে। জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতির স্বাভাবিক রেখে উন্নয়ন কার্যক্রম ত্বরান্বিত রাখার প্রচেষ্টা অব্যাহত থাকবে মর্মে উল্লেখ করে জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতির স্বাভাবিক অবস্থা বজায় রাখার লক্ষ্যে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

জনাব শ.ম. রেজাউল করিম, মাননীয় মন্ত্রী গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, জেলা উন্নয়ন সমন্বয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানান। জেলার সার্বিক উন্নয়ন কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে কোন দপ্তরের কাজে কেউ কোনভাবে বাধাগ্রস্ত করলে, কেউ দুর্নীতি করলে এবং ধান ত্রয়ের ক্ষেত্রে কোনরূপ কেউ ষড়যন্ত্র করলে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে তিনি সভায় অবহিত করেন। নতুন সৃষ্টির মাধ্যমে কর্মপরিচালনা এগিয়ে নিয়ে যেতে সকলকে এগিয়ে আসার জন্য অনুরোধ জানান। এছাড়া পবিত্র রমাজান মাসে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

সভাপতি সকলকে বিস্তারিত ও প্রাণবন্ত আলোচনার জন্য ধন্যবাদ জানান। তিনি আরো জানান যে, জেলার বিভিন্ন বিভাগের সার্বিক উন্নয়ন কার্যক্রম নির্বিঘ্ন করার লক্ষ্যে জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হয়ে থাকে। এই সভায় বিভিন্ন দপ্তরের কাজের অগ্রগতি ও সমন্বয় সম্পর্কে বিস্তারিত আলোচনাতে সিদ্ধান্ত গৃহীত হয় বিধায় এই সভাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। উন্নয়ন কার্যক্রম যাতে কোনভাবে ব্যাহত না হয় সেদিকে দৃষ্টি রাখার জন্য সকলের প্রতি তিনি অনুরোধ জানান। জেলার সার্বিক উন্নয়নে সকল কর্মকর্তা, জনপ্রতিনিধি, গণ্যমান্য ব্যক্তিবর্গ, সাংবাদিক, ব্যবসায়ী সমিতি ও অন্যান্য সকলের সহযোগিতা কামনা করেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


আবু আলী মোঃ সাজ্জাদ হোসেন
জেলা প্রশাসক

ও
সভাপতি
জেলা উন্নয়ন সমন্বয় কমিটি
পিরোজপুর
ফোনঃ ০৪৬১-৬২৪০০
e-mail: dcpirojpur@mopa.gov.bd

নম্বর- ০৫.১০.৭৯০০.০০৯.০৬.০০১.১৯-২৯০ (৯০)

১৩ জুন ২০১৯ খ্রিস্টাব্দ
তারিখঃ -----
৩০ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। জনাব শ.ম. রেজাউল করিম, মাননীয় সংসদ সদস্য, ১২৭, পিরোজপুর-১।
মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জনাব আনোয়ার হোসেন
মাননীয় সংসদ সদস্য, ১২৮, পিরোজপুর-২।
- ৪। জনাব মোঃ রুস্তম আলী ফরাজী
মাননীয় সংসদ সদস্য, ১২৯, পিরোজপুর-৩।
- ৫। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৪। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৫। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

- ১৬। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 ১৭। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 ১৮। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 ১৯। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 ২০। সচিব, ডাক, তার ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 ২১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 ২২। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 ২৩। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 ২৪। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
 ২৫। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, রমনা, ঢাকা।
 ২৬। প্রকল্প পরিচালক, একটি বাড়ি একটি খামার প্রকল্প, পল্লী ভবন (বিআরডিবি), ৬ষ্ঠ তলা, ৫-কাওরানবাজার, ঢাকা।
 ২৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, ফেরী প্লানিং সার্কেল, ঢাকা।
 ২৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
 ২৯। জনাব

স্বা:
 অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
 পিরোজপুর।
 ফোনঃ ০৪৬১-৬২৩২৪

পরিশিষ্ট ক (স্বাক্ষরের ক্রমানুসারে, জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

পিরোজপুর জেলা উন্নয়ন সমন্বয় কমিটির অনুষ্ঠিত মে, ২০১৯ মাসের সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা।

ক্রমং	উপস্থিত সদস্যবৃন্দের নাম	পদবী
০১।	জনাব রেবেকা খান	প্রধান নির্বাহী কর্মকর্তা(ভা:প্রা:), জেলা পরিষদ, পিরোজপুর।
০২।	জনাব মোল্লা সাজ্জাদ হোসেন,	পুলিশ সুপার (ভা:প্রা:), পিরোজপুর।
০৩।	জনাব মো. ফারুক আলম	সিভিল সার্জন, পিরোজপুর।
০৪।	জনাব নাহিদ ফারজানা সিদ্দিকী	অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) এবং উপপরিচালক, স্থানীয় সরকার, পিরোজপুর (ভা:প্রা:), পিরোজপুর।
০৫।	জনাব অমূল্য রঞ্জন হালদার	চেয়ারম্যান, নাজিরপুর উপজেলা পরিষদ, পিরোজপুর।
০৬।	এ্যাডভোকেট এম. মতিয়ার রহমান	চেয়ারম্যান, ইন্দুরকানি উপজেলা পরিষদ, পিরোজপুর।
০৭।	জনাব আব্দুল হক	চেয়ারম্যান, নেছারাবাদ উপজেলা পরিষদ, পিরোজপুর।
০৮।	জনাব রামানন্দ পাল	উপজেলা নির্বাহী অফিসার(ভা:প্রা:), পিরোজপুর সদর, পিরোজপুর।
০৯।	জনাব জি.এম. সরফরাজ	উপজেলা নির্বাহী অফিসার, মঠবাড়িয়া, পিরোজপুর।
১০।	জনাব মো. নাজমুল আলম	উপজেলা নির্বাহী অফিসার, ভাওয়ারিয়া এবং প্রশাসক, ভাওয়ারিয়া পৌরসভা, পিরোজপুর।
১১।	জনাব ইসরাত জাহান	উপজেলা নির্বাহী অফিসার, কাউখালী, পিরোজপুর।
১২।	জনাব রোজী আক্তার	উপজেলা নির্বাহী অফিসার, নাজিরপুর, পিরোজপুর।
১৩।	জনাব সরকার আব্দুল্লাহ আল মামুন	উপজেলা নির্বাহী অফিসার, নেছারাবাদ, পিরোজপুর।
১৪।	জনাব মিনারা বেগম	প্যানেল মেয়র, পিরোজপুর পৌরসভা, পিরোজপুর।
১৫।	জনাব সমরজিৎ হাওলাদার	সহযোগি অধ্যাপক, সরকারি সোহরাওয়ার্দী কলেজ, পিরোজপুর।
১৬।	প্রফেসর সাইফুদ্দিন	অধ্যক্ষ সরকারি মহিলা কলেজ, পিরোজপুর।
১৭।	জনাব বিশ্বনাথ বনিক	নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, পিরোজপুর।
১৮।	জনাব মাসুদ মাহমুদ সুমন	নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ, পিরোজপুর।
১৯।	জনাব সুশান্ত রঞ্জন রায়	নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, পিরোজপুর।
২০।	জনাব সাঈদ আহম্মদ	নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পিরোজপুর।
২১।	জনাব আবু হেনা মোহাম্মদ জাফর	উপপরিচালক, স্থানীয় সরকার, পিরোজপুর।
২২।	জনাব মো. হুমায়ুন কবীর	নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পিরোজপুর
২৩।	জনাব প্রতিভা সরকার	নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, পিরোজপুর।
২৪।	জনাব রাম কৃষ্ণ দাস	উপপরিচালক(ভা:প্রা:), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, পিরোজপুর।
২৫।	জনাব এ.কে.এম আজরুজ্জামান তালুকদার	উপ-পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, পিরোজপুর।
২৬।	জনাব নুসরৎজাহান	উপপরিচালক(অ.দা.) জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর, পিরোজপুর।
২৭।	জনাব মো. আবেদ শাহ	উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, পিরোজপুর।
২৮।	জনাব মো. মোশারেফ হোসেন	জেলা মৎস্য কর্মকর্তা, পিরোজপুর।
২৯।	ডা. এসএম আউয়ুব আলী	জেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, পিরোজপুর।
৩০।	জনাব মো. ছরোয়ারুল আলম	উপপরিচালক, বিআরডিবি, পিরোজপুর।

৩১।	জনাব জিয়াউল হক	নির্বাহী প্রকৌশলী, ওজোপাডিকো, পিরোজপুর।
৩২।	জনাব মফিজুর রহমান	জিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, পিরোজপুর।
৩৩।	জনাব এ.কে.এম সাদউদ্দিন	উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, পিরোজপুর।
৩৪।	জনাব সুনিল চন্দ্র সেন	জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর।
৩৫।	জনাব মহা. ফজলে রহমান	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পিরোজপুর।
৩৬।	জনাব মোঃ নাজমুল হক	সহকারী প্রকৌশলী. স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পিরোজপুর।
৩৭।	জনাব সুব্রত কুমার দে	সহকারী কর কমিশনার, আয়কর বিভাগ, পিরোজপুর।
৩৮।	জনাব মুফিদুল ইসলাম	জেলা হিসাব রক্ষন অফিসার, পিরোজপুর।
৩৯।	জনাব মোঃ মোজাহারুল হক	জেলা ত্রান ও পুনর্বাসন কর্মকর্তা, পিরোজপুর।
৪০।	জনাব মহসীন হোসেন তালুকদার	জেলা তথ্য অফিসার, পিরোজপুর।
৪১।	জনাব আব্দুল মান্নান হাওলাদার	জেলা বাজার কর্মকর্তা, পিরোজপুর।
৪২।	জনাব সঞ্জিত চাকমা	জেলা খাদ্য নিয়ন্ত্রক(ভারপ্রাপ্ত)পিরোজপুর।
৪৩।	জনাব মিলটন চন্দ্র বৈরাগী	সম্প্রসারণ কর্মকর্তা, বিসিক, পিরোজপুর।
৪৪।	জনাব জগন্নাথ বিশ্বাস	সহকারী প্রকৌঃ, বিএডিসি (সেচ), পিরোজপুর।
৪৫।	জনাব শাহ আলম	এজিএম, সোনালী ব্যাংক লিঃ, পিরোজপুর।
৪৬।	জনাব আবুল কালাম	সিনিয়র প্রিন্সিপাল অফিসার, কৃষি ব্যাংক, পিরোজপুর।
৪৭।	জনাব মো. মনিরুল ইসলাম সেখ	ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, পিরোজপুর।
৪৮।	জনাব শেখ শাহআলম	উপ-সহ-পরিচালক, পিডিবিএফ, পিরোজপুর।
৪৯।	জনাব নন্দিতা হাওলাদার	সিনিয়র সহকারী পরিচালক,(বীজ ও সার), পিরোজপুর।
৫০।	জনাব মোঃ শহীদুল ইসলাম	উপ-সহকারী প্রকৌশলী, বিটিসিএল, পিরোজপুর।
৫১।	জনাব এসএম সালাউদ্দিন	পরিসংখ্যান কর্মকর্তা, পরিসংখ্যান বিভাগ, পিরোজপুর।
৫২।	জনাব মো. আরিফুল ইসলাম	সঞ্চয় অফিসার, পিরোজপুর।
৫৩।	জনাব মাহমুদ হোসেন	জেলা প্রতিনিধি, বাংলাদেশ বেতার, পিরোজপুর।
৫৪।	জনাব এস.এম পারভেজ	জেলা প্রতিনিধি, বিটিভি, পিরোজপুর।
৫৫।	জনাব গৌতম নারায়ন চৌধুরী	বাসস, পিরোজপুর জেলা প্রতিনিধি, পিরোজপুর।
৫৬।	জনাব জহিরুল হক টিটু	সভাপতি, প্রেসক্লাব, পিরোজপুর।
৫৭।	জনাব জিয়াউল আহসান গাজী	সাধারণ সম্পাদক, শিল্পকলা একাডেমি, পিরোজপুর।
৫৮।	জনাব জিয়াউল আহসান,	সভাপতি, এনজিও ফোরাম, পিরোজপুর।
৫৯।	জনাব মোঃ আবুল হোসেন	উপ-সহ-পরিচালক, আঞ্চলিক পার্সপোর্ট অফিস, পিরোজপুর।
৬০।	জনাব আঃ কুদ্দুস হাওলাদার	জেলা রেজিস্ট্রার, পিরোজপুর।
৬১।	জনাব প্রিয়বদা ভট্টাচার্য	জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, পিরোজপুর।
৬২।	জনাব সত্যজিৎ রায় সাগর	জেলা সমন্বয় কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, পিরোজপুর।
৬৩।	জনাব সুমন পারভেজ	উপ-সহ-প্রকৌশলী, ভাণ্ডারিয়া গ্রীড উপকেন্দ্র, পিজিসিবি।
৬৪।	জনাব মারুফ উদ্দীন	উপ-সহ-প্রকৌশলী, বাগেরহাট গ্রীড উপকেন্দ্র, পিজিসিবি।

পরিশিষ্ট 'খ'

পিরোজপুর জেলা উন্নয়ন সমন্বয় কমিটির অনুষ্ঠিত মে, ২০১৯ মাসের সভায় উপস্থিত প্রতিনিধিবৃন্দঃ

নং	উপস্থিত প্রতিনিধিবৃন্দের নাম	পদবী
১.	জনাব মো. মোতালেব, সাবও	পক্ষ-উপসহ-পরিচালক, ফায়ার সার্ভিস, পিরোজপুর।
২.	জনাব মো. শহীদুল ইসলাম, ভারপ্রাপ্ত কর্মকর্তা	পক্ষে- বিভাগীয় কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, বাগেরহাট।

পরিশিষ্ট 'গ'

পিরোজপুর জেলা উন্নয়ন সমন্বয় কমিটির অনুষ্ঠিত মে, ২০১৯ মাসের সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ :

ক্রঃ নং	পদবী
১।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাণ্ডারিয়া, পিরোজপুর।
২।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মঠবাড়িয়া, পিরোজপুর।
৩।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউখালী, পিরোজপুর।
৪।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পিরোজপুর সদর, পিরোজপুর।
৫।	মেয়র, মঠবাড়িয়া পৌরসভা, পিরোজপুর।
৬।	মেয়র, স্বরূপকাঠী পৌরসভা, নেছারাবাদ, পিরোজপুর।
৭।	জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পিরোজপুর।
৮।	চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, পিরোজপুর।

৯।	জেলা সমবায় অফিসার, পিরোজপুর।
১০।	সভাপতি, চেম্বার অব কমার্স, পিরোজপুর।
১১।	সভাপতি, জেলা বাস ও মিনিবাস মালিক সমিতি, পিরোজপুর।
১২।	জেলা নির্বাচন অফিসার, পিরোজপুর।
১৩।	জেলা ক্রীড়া অফিসার, পিরোজপুর।
১৪।	জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, পিরোজপুর।
১৫।	এজিএম, অগ্রণী ব্যাংক লিঃ, পিরোজপুর।
১৬।	উপরিচালক, বিএসটিআই, বরিশাল।
১৭।	ডেপুটি ম্যানেজার, জীবন বীমা কর্পোরেশন, পিরোজপুর।
১৮।	সভাপতি, জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন, জেলা শাখা, পিরোজপুর।
১৯।	সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, পিরোজপুর।
২০।	জেলা ঔষধ তত্ত্বাবধায়ক, পিরোজপুর।
২১।	উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, বরিশাল।

স্বাঃ
অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)
পিরোজপুর।